# 44th BCS Preliminary Question

**Question 1: 'আনোয়ারা' উপন্যাসের রচয়িতার নাম-**
A. সৈয়দ মুজতবা আলী
B. কাজী আবদুল ওদুদ
C. রোকেয়া সাখাওয়াৎ হোসেন
D. নজিবর রহমান

**Answer**: নজিবর রহমান

**Explanation**: আনোয়ারা (১৯১৪) বাঙ্গালী ঔপন্যাসিক মোহাম্মদ নজিবর রহমান রচিত একটি কালজয়ী সামাজিক উপন্যাস। এটি তাঁর রচিত প্রথম ও সর্বাধিক সার্থক উপন্যাস। 'সতীর সর্বস্ব পতি, সতী শুধু পতিময়, বিধাতার প্রেমরাজ্যে সতত সতীর জয়।' এটাই উপন্যাসের মূল বক্তব্য। আনোয়ারা, নুরল এসলাম ছাড়াও খাদেম, আজিমুল্লা, গোলাপ জান ইত্যাদি এই উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র।

**Question 2: ধ্বনি-পরিবর্তনের নিয়মে কোনটি বর্ণ-বিপর্যয়-এর দৃষ্টান্ত?**
A. রতন
B. কবাট
C. মুলুক
D. পিচাশ

**Answer**: পিচাশ

**Explanation**: শব্দের মধ্যে দুটি ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে তাকে ধ্বনি বিপর্যয় বলে। যেমন: বাক্স > বাস্ক, রিক্সা > রিস্কা, লাফ > ফাল, পিশাচ > পিচাশ ইত্যাদি।

**Question 3: নিচের কোনটি 'অগ্নি'র সমার্থক শব্দ নয়?**
A. বহ্নি
B. বৈশ্বানর
C. বায়ুসখা
D. আবীর

**Answer**: আবীর

**Explanation**: অগ্নির কয়েকটি সমার্থক শব্দ হলো: আগুন, বহ্নি, অনল, পাবক, বায়ুসখা, বৈশ্বানর, দাহন ইত্যাদি। অপরদিকে আবীর হলো একপ্রকার রক্তবর্ণ চূর্ণ বিশেষ যাহা হোলি বা বসন্তোৎসবে পরস্পরকে রঞ্জিত করিবার জন্য ব্যবহার করা হয়।

Medha

**Question 4: 'দেশের যত নদীর ধারা জল না, ওরা অশ্রুধারা' - এই উক্তিটি নিচের কোন পারিভাষিক অলংকার দ্বারা শোভিত?**

A. অভিযোজন

B. যমক

C. অর্থোন্নতি

D. অপহৃতি

**Answer**: অপহৃতি

**Explanation**: উপমেয়কে অস্বীকার করে উপমানকে প্রতিষ্ঠিত করাকে অপহ্নুতি অলঙ্কার বলে। যেমন: অশ্রু নয় অভ্র সুকঠিন; দেশের যত নদীর ধারা জল না, ওরা অশ্রুধারা।

**Question 5: 'যথারীতি' কোন সমাসের দৃষ্টান্ত?**

A. দ্বন্দ্ব

B. দ্বিগু

C. বহুব্রীহি

D. অব্যয়ীভাব

**Answer**: অব্যয়ীভাব

**Explanation**: পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়ের অর্থই প্রাধান্য থাকে, তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে। কয়েকটি অব্যয়ীভাব সমাস হলো: যথারীতি, যথাসাধ্য, যথাবিধি, যথাযোগ্য, উপকণ্ঠ, উপকূল, নিরামিষ, নির্জল, উপশহর ইত্যাদি।

**Question 6: 'মৃত্তিকা দিয়ে তৈরি' - কথাটি সংকোচন করলে হবে -**

A. তন্ময়

B. মন্ময়

C. চিন্ময়

D. মৃন্ময়

**Answer**: মৃন্ময়

**Explanation**: মৃন্ময় শব্দের অর্থ হচ্ছে আত্মবাদী, আত্মপ্রকাশক। চিন্ময় একটি বিশেষণ পদ যার অর্থ জ্ঞানময়, চৈতন্যময়। অপরদিকে মৃত্তিকা দিয়ে তৈরি বাক্যটির সংকোচন করলে হয় মৃন্ময়।

**Question 7: 'অর্ধচন্দ্র' কথাটির অর্থ -**

A. অমাবস্যা
B. কাস্তে
C. কাছে টানা
D. গলাধাক্কা দেওয়া

**Answer**: গলাধাক্কা দেওয়া

**Explanation**: অমাবস্যা হচ্ছে কৃষ্ণপক্ষের শেষ তিথি এবং এর আরেকটি অর্থ হচ্ছে ঘোর অন্ধকার রাত্রি। অর্ধচন্দ্র একটি বাগধারা যার অর্থ হলো গলাধাক্কা দেওয়া। কাছে টানা বলতে বোঝায় কাউকে নিকটে টানা। কাস্তে হলো একটি যন্ত্র যা শস্য কাটার কাজে ব্যবহৃত হয়।

**Question 8**: 'হরতাল' কোন ভাষা থেকে আগত শব্দ?
A. পর্তুগিজ
B. হিন্দি
C. ফরাসি
D. গুজরাটি

**Answer**: গুজরাটি

**Explanation**: পর্তুগিজ ভাষা থেকে আগত শব্দ: আনারস, আলপিন, আলমারি, গির্জা, গুদাম ইত্যাদি। হিন্দি ভাষা থেকে আগত শব্দ: পানি, কাহিনি, ছিনতাই, টহল ইত্যাদি। গুজরাটি ভাষা থেকে আগত শব্দ: খদ্দর, হরতাল ইত্যাদি। ফরাসি ভাষা থেকে আগত শব্দ: কার্তুজ, কুপন, ডিপো, রেস্তোরা ইত্যাদি।

**Question 9**: কোনটি 'জিগীষা'র সম্প্রসারিত প্রকাশ?
A. জানিবার ইচ্ছা
B. যুদ্ধ করিবার ইচ্ছা
C. হনন করিবার ইচ্ছা
D. জয় করিবার ইচ্ছা

**Answer**: জয় করিবার ইচ্ছা

**Explanation**: জানিবার ইচ্ছা = জিজ্ঞাসা, হনন করিবার ইচ্ছা = জিঘাংসা, যুদ্ধ করিবার ইচ্ছা = যুযুৎসা, জয় করার ইচ্ছা = জিগীষা।

**Question 10**: নিচের কোনটি তৎসম শব্দ?
A. পছন্দ
B. হিসাব

Medha

C. শৌখিন
D. ধূলি

**Answer**: ধূলি

**Explanation**: যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে সোজাসুজি বাংলায় এসেছে এবং যাদের রূপ অপরিবর্তিত রয়েছে তাকে তৎসম শব্দ বলে। কয়েকটি তৎসম শব্দ হলো: চন্দ্র, সূর্য, নক্ষত্র, ভবন, ধর্ম, পাত্র, ধূলি, মনুষ্য ইত্যাদি।

**Question 11:** নিচের কোনটি বাংলা ধাতুর দৃষ্টান্ত**?**
A. গঠ্
B. কথ্
C. বুধ্
D. কহ্

**Answer**: কহ্

**Explanation**: বাংলা ধাতুগুলো হচ্ছে: আঁক্, কহ্, কাট্, কর্, কাঁদ্, কিন্, খা, গড়্, ঘষ্, দেখ্, ধর্, পড়্, বাঁধ্, বুঝ্, রাখ্, শুন্, থাক্, হাস্। সংস্কৃত ধাতু হলো: অঙ্ক, কথ্, কৃৎ, কৃ, ক্রন্দ্, ক্রী, খাদ্, গঠ্, ঘৃষ্, দৃশ্, ধৃ, পঠ্, বন্ধ্, বুধ্, রক্ষ, শ্রু, স্থা, হস্।

**Question 12:** কোনটি জাতীয় কবি কাজী নজরুল ইসলাম রচিত গ্রন্থ নয়**?**
A. ব্যথার দান
B. দোলনচাঁপা
C. শিউলিমালা
D. সোনার তরী

**Answer**: সোনার তরী

**Explanation**: সোনার তরী হল রবীন্দ্রনাথ ঠাকুর কর্তৃক রচিত একটি বিখ্যাত বাংলা কাব্যগ্রন্থ।

**Question 13:** শুদ্ধ বানান কোনটি**?**
A. মুমুর্ষু
B. মূমুর্ষূ
C. মূমূর্ষ
D. মুমূর্ষু

**Answer**: মুমূর্ষু

**Explanation**: ষত্ব বিধি অনুসারে ই-স্বর ও উ-স্বরের পর ইচ্ছা অর্থে সন প্রত্যয়ের ‘স’ পরিবর্তিত হয়ে প্রত্যয়ান্ত শব্দে 'ষ' হয়। যেমন: মুমূর্ষু।

**Question 14**: **'ইতরবিশেষ’ বলতে বোঝায়—**

A. দুর্বৃত্ত
B. চালাকি
C. অপদার্থ
D. পার্থক্য

**Answer**: পার্থক্য

**Explanation**: ইতরবিশেষ একটি বিশেষ্য পদ যার অর্থ পার্থক্য। অপরদিকে দুর্বৃত্ত বলতে বোঝায় দুষ্ট স্বভাব, দুর্জন, দুশ্চরিত্র, দুরাত্মা। চালাকি শব্দের অর্থ চাতুরী, ধূর্তামি, ফন্দি। অপদার্থ শব্দের অর্থ অসার, অযোগ্য।

**Question 15**: নিচের কোন বাক্যটি প্রয়োগগত দিক থেকে শুদ্ধ**?**

A. আমি কারও সাতেও নেই, সতেরোতেও নেই।
B. আপনি স্বপরিবারে আমন্ত্রিত।
C. সারা জীবন ভূতের মজুরি খেটে মরলাম।
D. তার দু'চোখ অশ্রুতে ভেসে গেল।

**Answer**: তার দু'চোখ অশ্রুতে ভেসে গেল।

**Explanation**: অন্যান্য অপশন গুলোর শুদ্ধরূপ হলো: (ক) আমি কারও সাতেও নেই, পাঁচেও নেই, (খ) আপনি সপরিবারে আমন্ত্রিত এবং (ঘ) সারাজীবন ভূতের বেগার খেটে মরলাম।

**Question 16**: নিচের কোনটি যৌগিক বাক্য**?**

A. দোষ স্বীকার করলে তোমাকে শাস্তি দেওয়া হবে না।
B. তিনি বেড়াতে এসে কেনাকাটা করলেন।
C. মহৎ মানুষ বলে সবাই তাঁকে সম্মান করেন।
D. ছেলেটি চঞ্চল তবে মেধাবী।

**Answer**: ছেলেটি চঞ্চল তবে মেধাবী।

**Explanation**: পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য যখন সংযোজক, বিয়োজক এবং সংকোচক অব্যয় দ্বারা যুক্ত হয় তখন তাকে যৌগিক বাক্য বলে। যেমন: সে বলতে চায় তথাপি সে বলে না,

Medha

ছেলেটি চঞ্চল তবে মেধাবী, তুমি মিথ্যা বলছো, সুতরাং তোমার পাপ হবে প্রভৃতি।

**Question 17: 'চণ্ডীমঙ্গল' কাব্যের উপাস্য 'চণ্ডী' কার স্ত্রী?**

A. জগন্নাথ
B. বিষ্ণু
C. প্রজাপতি
D. শিব

**Answer**: শিব

**Explanation**: 'চণ্ডীমঙ্গল' চণ্ডী নামক লৌকিক-পৌরাণিক দেবীর পূজা প্রচারের কাহিনি অবলম্বনে লিখিত কাব্য। চণ্ডী ছিলেন পৌরাণিক দেবতা শিবের স্ত্রী। চণ্ডীমঙ্গলের দুটি উপাখ্যান রয়েছে। একটি ব্যাধ দম্পতি কালকেতু ও ফুল্লরার কাহিনি এবং দ্বিতীয় উপাখ্যানের নায়ক ধনপতি সদাগর, অন্যান্য প্রধান চরিত্র তার দুই স্ত্রী লহনা ও খুল্লনা।

**Question 18: 'শ্রীকৃষ্ণকীর্তন কাব্য' কোথা থেকে উদ্ধার করা হয়েছিল?**

A. নেপালের রাজদরবার থেকে
B. কান্তজীর মন্দির থেকে
C. পাঠশালা থেকে
D. গোয়ালঘর থেকে

**Answer**: গোয়ালঘর থেকে

**Explanation**: বাংলা সাহিত্যের মধ্যযুগের প্রথম কাব্য হিসেবে শ্রীকৃষ্ণকীর্তন স্বীকৃত। ১৯০৯ খ্রিষ্টাব্দে (১৩১৬ বঙ্গাব্দে) বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলার কাকিল্যা গ্রামে শ্রী দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়ের বাড়ির গোয়ালঘর থেকে শ্রীকৃষ্ণকীর্তনের পুঁথি আবিষ্কার করেন। ১৯১৬ খ্রিষ্টাব্দে (১৩২৩ বঙ্গাব্দ) বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে বসন্তরঞ্জন রায়ের সম্পাদনায় পুঁথিটি 'শ্রীকৃষ্ণকীর্তন' নামে গ্রন্থাকারে প্রকাশিত হয়।

**Question 19: বিদ্যাপতি মূলত কোন ভাষার কবি ছিলেন?**

A. মারাঠি
B. হিন্দি
C. গুজরাটি
D. মৈথিলি

**Answer**: মৈথিলি

**Explanation**: মিথিলার কবি বিদ্যাপতি বাঙালি না হয়েও অথবা বাংলায় কবিতা রচনা না করেও বাংলা সাহিত্যের উল্লেখযোগ্য নাম। তিনি 'মৈথিল কোকিল' ও 'অভিনব জয়দেব' নামে খ্যাত। তাঁর অন্যান্য উপাধি ছিল- নব কবিশেখর, কবিরঞ্জন, কবিকন্ঠহার, পণ্ডিত ঠাকুর, সদুপাধ্যায়, রাজপণ্ডিত ইত্যাদি।

**Question 20**: 'মনোরমা' বঙ্কিমচন্দ্রের কোন উপন্যাসের চরিত্র?

A. কৃষ্ণকান্তের উইল
B. দুর্গেশনন্দিনী
C. বিষবৃক্ষ
D. মৃণালিনী

**Answer**: মৃণালিনী

**Explanation**: বাংলা উপন্যাসের জনক সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কর্তৃক 'মৃণালিনী' (১৮৬৯) উপন্যাসটি তুর্কি সেনাপতি ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বিন বখতিয়ার খলজীর বাংলা আক্রমণের পটভূমিতে রচিত। এটি বঙ্কিমচন্দ্রের তৃতীয় উপন্যাস। মগধের রাজপুত্র হেমচন্দ্রের সঙ্গে মৃণালিনীর প্রণয় এবং দেশরক্ষার জন্য হেমচন্দ্রের সংকল্প ও ব্যর্থতার সঙ্গে এক রহস্যময়ী নারী মনোরমার কাহিনি এ উপন্যাসের মূল কথা। কৃষ্ণকান্তের উইল এর অন্তর্গত চরিত্র হলো: গোবিন্দলাল, হরলাল, কৃষ্ণকান্ত, রোহিনী, ভ্রমর, নিশাকর। বিষবৃক্ষ উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র- নগেন্দ্রনাথ, সূর্যমুখী, কুন্দনন্দিনী, হীরা। তিলোত্তমা, আয়েশা, বিমলা বঙ্কিমের দুর্গেশনন্দিনী উপন্যাসের অন্তর্গত চরিত্র।

**Question 21**: 'ব্যক্ত প্রেম' ও 'গুপ্ত প্রেম' কবিতা দুটি রবীন্দ্রনাথের কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

A. খেয়া
B. সোনার তরী
C. কল্পনা
D. মানসী

**Answer**: মানসী

**Explanation**: 'মানসী' (১৮৯০) রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যকলার পূর্ণপ্রতিষ্ঠামূলক কাব্যগ্রন্থ। তাই কবি বুদ্ধদেব বসু 'মানসী' কাব্যকে রবীন্দ্র-কাব্যের অনুবিশ্ব বলেছেন। 'ব্যক্ত প্রেম' ও 'গুপ্ত প্রেম' কবিতা দুটি রবীন্দ্রনাথের এই কাব্যগ্রন্থের অন্তর্গত।

**Question 22**: 'অভীক' রবীন্দ্রনাথের কোন গল্পের নায়ক?

A. নষ্টনীড়
B. নামঞ্জুর গল্প
C. ল্যাবরেটরি
D. রবিবার

**Answer**: রবিবার

**Explanation**: 'অভীক' এবং 'বিভা' রবীন্দ্রনাথের রবিবার গল্পের নায়ক ও নায়িকা চরিত্র। 'নষ্টনীড়' গল্পের চরিত্র- চারু, অমল ও ভূপতি। 'ল্যাবরেটরি' গল্পের অন্যতম প্রধান চরিত্র সোহিনী।

**Question 23**: 'সকলের তরে সকলে আমরা/প্রত্যেকে আমরা পরের তরে।' - কার রচিত পংক্তি?
A. রজনীকান্ত সেন
B. ইসমাইল হোসেন সিরাজী
C. দ্বিজেন্দ্রলাল রায়
D. কামিনী রায়

**Answer**: কামিনী রায়

**Explanation**: বাংলা সাহিত্য জগতে 'জনৈক বঙ্গ মহিলা' নামে পরিচিত কবি কামিনী রায় 'পরার্থে' কবিতায় বলেছেন, পরের কল্যাণে নিজেকে নিয়োজিত রাখাই মানবজনমের সার্থকতা। তাঁর রচিত পঙ্‌ক্তি- 'সকলের তরে সকলে আমরা/প্রত্যেকে আমরা পরের তরে।'

**Question 24**: 'আমার সন্তান যেন থাকে দুধেভাতে।'—এই মনোবাঞ্ছাটি কার?
A. ভবানন্দের
B. ভাঁড়ুদত্তের
C. ফুল্লরার
D. ঈশ্বরী পাটুনীর

**Answer**: ঈশ্বরী পাটুনীর

**Explanation**: কবি ভারতচন্দ্র রায়গুণাকর আঠার শতকের শ্রেষ্ঠ কবি। 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে' মনোবাঞ্ছাটি করেছিলেন ঈশ্বরী পাটনী। মনোবাঞ্ছাটি পাওয়া যায় ভারতচন্দ্র রায়গুণাকরের 'অন্নদামঙ্গল' কাব্যে। ১৭৫২ সালে অন্নদামঙ্গল রচিত হয়। দেবী অন্নদাকে উদ্দেশ্য করে ঈশ্বরী পাটনী উল্লিখিত উক্তিটি করেন। 'ভাড়ু দত্ত', 'ফুল্লরা' চন্ডীমঙ্গল কাব্যের চরিত্র।

**Question 25**: নিচের কোন ব্যক্তি 'বুদ্ধির মুক্তি' আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন না?
A. কাজী আবদুল ওদুদ
B. আবদুল কাদির
C. আবুল ফজল
D. এস ওয়াজেদ আলি

**Answer**: এস ওয়াজেদ আলি

**Explanation**: বুদ্ধির মুক্তি আন্দোলন ধর্মীয় ও সামাজিক কুসংস্কারবিরোধী একটি প্রগতিশীল আন্দোলন। ১৯২৬ সালের ১৯ জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবুল হুসেনের নেতৃত্বে ঢাকায় মুসলিম সাহিত্য সমাজ নামে একটি সাংস্কৃতিক সংগঠন প্রতিষ্ঠিত হয়। এই সমাজ তাদের মুখপত্র হিসেবে 'শিখা' নামে একটি পত্রিকা প্রকাশ করত, যার প্রতিটি সংখ্যায় লেখা থাকত 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব'। বুদ্ধির মুক্তি আন্দোলন গঠিত হয় কয়েকজন আলোকিত মানুষের উদ্যোগে। তাঁদের মধ্যে ছিলেন আবুল হুসেন, কাজী মোতাহার হোসেন, আবুল ফজল, কাজী আবদুল ওদুদ, আবদুল কাদির প্রমুখ।

**Question 26**: নিচের কোন কাব্য কাজী নজরুল ইসলামের উদারনৈতিক ঐতিহ্যভাবনার ধারক**?**

A. চক্রবাক
B. অগ্নি-বীণা
C. সিন্ধু-হিন্দোল
D. বিষের বাঁশী

**Answer**: বিষের বাঁশী

**Explanation**: প্রেম, মানবতা ও বিদ্রোহের কবি নজরুল রচিত- 'বিষের বাঁশী' কাব্যগ্রন্থ প্রকাশ করেন কবি নিজেই। সে বছরই সরকার গ্রন্থটি নিষিদ্ধ করে। এটি নজরুলের প্রথম নিষিদ্ধকৃত গ্রন্থ। এ গ্রন্থের কবিতাগুলো বিদ্রোহাত্মক ও জাগরণমূলক। বন্দী-বন্দনা, শিকল-পরা গান, চরকার গান, জাতের নামে বজ্জাতি, সত্য-মন্ত্র ইত্যাদি গ্রন্থের উল্লেখযোগ্য কবিতা। নজরুল ইসলামের কবিতার বলিষ্ঠতা, যৌবনের উদ্দাম শক্তি, উদার মানবিকতা ও সামাজিক সচেতনতা এবং গীতি প্রতিভার সমস্ত বৈশিষ্ট্য এই কাব্যে পরিস্ফুট।

**Question 27**: নিচের কোনটি বিশ শতকের পত্রিকা**?**

A. সংবাদ প্রভাকর
B. বঙ্গদর্শন
C. তত্ত্ববোধিনী
D. শনিবারের চিঠি

**Answer**: শনিবারের চিঠি

**Explanation**: 'শনিবারের চিঠি' ১৯২৪ সালে প্রথম প্রকাশিত হয়। প্রথম দিকে এটি সাপ্তাহিক পরে মাসিক পত্রিকা হিসেবে প্রকাশিত হয়। যোগানন্দ দাস ছিলেন একাধারে উক্ত পত্রিকার প্রথম সম্পাদক, প্রকাশক ও মুদ্রাকর। শনিবারের চিঠি'র প্রাণপুরুষ ছিলেন কবি-সাহিত্যিক সজনীকান্ত দাস। 'সংবাদ প্রভাকর' সাপ্তাহিক সংবাদপত্র হিসেবে ১৮৩১ খ্রিষ্টাব্দে কলকাতা থেকে প্রকাশিত হয়। কবি ঈশ্বরচন্দ্র গুপ্ত ছিলেন এর সম্পাদক। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সম্পাদনায় ১৮৭২ খ্রিষ্টাব্দে মাসিক 'বঙ্গদর্শন' প্রকাশিত হয়। ১৮৪৩ সালের ১৬ আগস্ট অক্ষয়কুমার দত্তের সম্পাদনায় তত্ত্ববোধিনী পত্রিকা প্রথম প্রকাশিত হয়।

**Question 28:** নিচের কোনটি উপন্যাস নয়?
A. দিবারাত্রির কাব্য
B. শেষের কবিতা
C. পল্লী-সমাজ
D. কবিতার কথা

**Answer**: কবিতার কথা

**Explanation**: 'দিবারাত্রির কাব্য' মানিক বন্দ্যোপাধ্যায় রচিত উপন্যাস, 'শেষের কবিতা' রবীন্দ্রনাথের কাব্যধর্মী উপন্যাস এবং শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত উপন্যাস 'পল্লী-সমাজ'। 'কবিতার কথা' বিংশ শতাব্দীর অন্যতম প্রধান বাঙ্গালী কবি জীবনানন্দ দাশের প্রথম প্রবন্ধগ্রন্থ যা তার মৃত্যুর পর প্রথম প্রকাশিত হয়েছিল।

**Question 29:** 'বাঙালি ও বাঙলা সাহিত্য' গ্রন্থ কে রচনা করেছেন?
A. দীনেশচন্দ্র সেন
B. গোপাল হালদার
C. সুকুমার সেন
D. আহমদ শরীফ

**Answer**: আহমদ শরীফ

**Explanation**: বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ প্রাবন্ধিক আহমদ শরীফ রচিত প্রবন্ধ 'বাঙালী ও বাঙলা সাহিত্য'। তাঁর রচিত অন্যান্য উল্লেখযোগ্য প্রবন্ধ বিচিত চিন্তা, সাহিত্য ও সংস্কৃতি চিন্তা, বিশ শতকের বাঙালী, বাঙলা বাঙালী বাঙালীত্ব। 'বাংলা একাডেমির সংক্ষিপ্ত বাংলা অভিধান' তাঁর সম্পাদিত গ্রন্থ। 'বাঙ্গালা সাহিত্যের ইতিহাস' সুকুমার সেনের সবচেয়ে বিখ্যাত বই।

**Question 30:** 'খোকা' ও 'রঞ্জু' মাহমুদুল হক-এর কোন উপন্যাসের চরিত্র?
A. কালো বরফ
B. খেলাঘর
C. অনুর পাঠশালা
D. জীবন আমার বোন

**Answer**: জীবন আমার বোন

**Explanation**: মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'জীবন আমার বোন' প্রথম প্রকাশ পায় ১৯৭৬ সালে; এর লেখক মাহমুদুল হক। জাহিদুল কবির খোকা নামের এক আপাত নির্লিপ্ত ও জীবন-পলাতক মানুষকে কেন্দ্রে স্থাপন করে মাহমুদুল হক উপন্যাসটি লিখেছেন। এ উপন্যাসের অপর চরিত্র 'রঞ্জু'। 'কালো বরফ', 'খেলাঘর' এবং অনুর পাঠশালা উপন্যাসের রচয়িতাও মাহমুদুল হক। এদের মধ্যে কালো বরফ দেশভাগের পটভূমিভিত্তিক এবং

Medha

খেলাঘর মুক্তিযুদ্ধভিত্তিক। চরিত্রসমূহ: কালো বরফ → আব্দুল খালেক। খেলাঘর → ইয়াকুব, টুনু, রেহানা। অনুর পাঠশালা → কিশোর অনু (নায়ক), কিশোরী সরুদাসী (নায়িকা)।

**Question 31:** সৈয়দ ওয়ালীউল্লাহর লেখা নাটক কোনটি**?**

A. কবর
B. ওরা কদম আলী
C. পায়ের আওয়াজ পাওয়া যায়
D. বহিপীর

**Answer**: বহিপীর

**Explanation**: সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত নাটক- বহিপীর, উজানে মৃত্যু, সুড়ঙ্গ, তরঙ্গভঙ্গ। 'কবর' (১৯৫৩) মুনীর চৌধুরী রচিত ভাষা আন্দোলন ভিত্তিক একাঙ্ক নাটক। সৈয়দ শামসুল হক রচিত কাব্য নাটক 'পায়ের আওয়াজ পাওয়া যায়'। মামুনুর রশীদের নাটক 'ওরা কদম আলী'।

**Question 32:** মীর মশাররফ হোসেনের **'বিষাদসিন্ধু'** একটি **-**

A. মহাকাব্য
B. ইতিহাস গ্রন্থ
C. ইতিহাস-আশ্রিত জীবনীগ্রন্থ
D. উপন্যাস

**Answer**: উপন্যাস

**Explanation**: মীর মশাররফ হোসেন (১৮৪৭-১৯১১) রচিত 'বিষাদসিন্ধু' (১৮৮৫-৯১) একটি ইতিহাস আশ্রিত মহাকাব্যধর্মী উপন্যাস। হাসান ও হোসেনের সঙ্গে দামেস্ক অধিপতি মাবিয়ার একমাত্র পুত্র এজিদের কারবালা প্রান্তরের রক্তক্ষয়ী যুদ্ধ এবং ইমাম হাসান-হোসেনের করুণ মৃত্যুকাহিনি 'বিষাদসিন্ধু'গ্রন্থে বর্ণিত মূল বিষয়। মূল ঘটনার ঐতিহাসিক সত্যতা থাকলেও গ্রন্থটিতে ইতিহাসের অন্ধ অনুসরণ করা হয় নি। 'বিষাদসিন্ধু' উপন্যাসটি 'মহরম পর্ব' (১৮৮৫), 'উদ্ধার পর্ব' (১৮৮৭) ও 'এজিদ-বধ পর্ব' (১৮৯১) এই তিনটি পর্বে সম্পন্ন হয়েছে।

**Question 33:** **'**চাঁদের অমাবস্যা**'** উপন্যাসের যুবক**-**শিক্ষকের নাম**-**

A. আবদুল কাদের
B. খতিব মিয়া
C. আক্কাস আলী
D. আরেফ আলী

**Answer**: আরেফ আলী

**Explanation**: সৈয়দ ওয়ালীউল্লাহ 'চাঁদের অমাবস্যা' (১৯৬৪) উপন্যাসে আরেফ আলী নামের এক স্কুল মাস্টারকে অবলম্বন করে মানুষের অন্তর্জীবনের জটিলতা উল্লেখ প্রসঙ্গে সামন্ত-সমাজ প্রভাবিত গ্রামীণ জীবনের নানা অসঙ্গতি তুলে ধরেছেন।

**Question 34**: **'মরণ রে তুঁহু মম শ্যাম সমান।' - পংক্তিটির রচয়িতা-**
A. বিদ্যাপতি
B. কৃষ্ণদাস কবিরাজ
C. গোবিন্দদাস
D. রবীন্দ্রনাথ ঠাকুর

**Answer**: রবীন্দ্রনাথ ঠাকুর

**Explanation**: মরণ রে, তুঁহু মম শ্যাম সমান-- চরণটির রচয়িতা বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর। তিনি যৌবনকালের প্রথম দিকে 'ভানুসিংহ' ছদ্মনামে লিখতেন। উক্ত চরণটি ভানুসিংহ ঠাকুরের পদাবলী হতে নেয়া হয়েছে।

**Question 35**: **Select the appropriate preposition: 'Are you doing' anything special ___ the weekend?'**
A. for
B. with
C. on
D. at

**Answer**: at

**Explanation**: সাপ্তাহিক ছুটির দিন বোঝাতে weekend ব্যবহৃত হয়, এর পূর্বে preposition হিসেবে at এবং on দুটোই ব্যবহৃত হতে পারে। American English এ on ব্যবহৃত হয় এবং British English এ at ব্যবহৃত হয়। আমরা যেহেতু, writing এর ক্ষেত্রে British English অনুসরণ করি তাই at হবে সঠিক উত্তর।

**Question 36**: **What is the plural form of 'sheep'?**
A. sheeps
B. sheepses
C. sheepes
D. sheep

**Answer**: sheep

**Explanation**: Sheep এর plural ‘sheep’ হবে। কিছু কিছু noun আছে যেগুলোর singular ও plural form একই যেমন: Aircraft, cod, deer, fish, cattle, series ইত্যাদি।

**Question 37**: **'Sweet are the uses of adversity’ is quoted from Shakespeare's –**

A. Julius Caesar
B. Macbeth
C. Comedy of Errors
D. As you Like It

**Answer**: As you Like It

**Explanation**: ইংরেজি সাহিত্যের শ্রেষ্ঠ নাট্যকার William Shakespeare রচিত As you Like it নামক নাটকের দ্বিতীয় অংশের প্রথম দৃশ্যে Duke Senior নামক চরিত্র প্রশ্নে উল্লিখিত সংলাপটি বলে।

**Question 38**: **What is the verb form of the word 'ability’?**

A. capable
B. inability
C. unable
D. enable

**Answer**: enable

**Explanation**: Ability একটি noun যার verb form হলো enable এবং adjective form হলো able. সাধারণত ‘en’ prefix যোগে verb গঠিত হয়। যেমন: ensure, enlarge, enforce, enlighten etc.

**Question 39**: **The word 'equivocation' refers to -**

A. stating like an author
B. a true statement
C. free expression of opinions
D. two contradictory things in the same statement

**Answer**: two contradictory things in the same statement

**Explanation**: Equivocation মানে হলো বাকচাতুরী বা ব্যাঙ্গোক্তি সুতরাং এটা হবে Two contradictory things in the same statement.

**Question 40: "Life's but a walking shadow, a poor player, That struts and frets his hour upon the stage, And then is heard no more;" These memorable lines in Shakespearean tragedy are spoken by -**

A. Lady Macbeth
B. Banquo
C. Duncan
D. Macbeth

**Answer**: Macbeth

**Explanation**: "Life's but a walking shadow, a poor player that struts and frets his hour upon the stage" is a quote from Macbeth by William Shakespeare.

**Question 41: Which of the following words is spelt correctly?**

A. authoratative
B. autheritative
C. authoratative
D. authoritative

**Answer**: authoritative

**Explanation**: সঠিক বানান Authoritative যার অর্থ প্রামাণিক; পাণ্ডিত্যপূর্ণ; কর্তৃত্বপূর্ণ।

**Question 42: Find out the active form of the sentence: "By whom can our country be saved?"**

A. Who will save our country?
B. Our country has been saved by who?
C. Who save our country?
D. Who can save our country?

**Answer**: Who can save our country?

**Explanation**: Passive হিসেবে [By whom + aux (tense অনুযায়ী) + subject (object থেকে প্রাপ্ত) + VPP?] structure থাকলে active করার নিয়ম: Who + aux [Tense অনুযায়ী] + verb + object. নিয়ম অনুযায়ী সঠিক উত্তর হবে

Medha

**Question 43**: **"All changed, changed utterly: A terrible beauty is born.” This extract is taken from W. B. Yeats' poem titled—**

A. No Second Troy
B. The Wild Swans at Coole
C. The Second Coming
D. Easter 1916

**Answer**: Easter 1916

**Explanation**: ১৯১৬ সালে আয়ারল্যান্ডে ব্রিটিশ সরকারের বিরুদ্ধে একটি বিদ্রোহ হয়, যার ফলস্বরূপ বেশ কয়েকজন আইরিশ জাতীয়তাবাদীদের মৃত্যুদণ্ড দেওয়া হয়েছিল যাদের Yeats ব্যক্তিগতভাবে জানতেন, তাদেরকে উদ্দেশ্য করে W.B. Yeats কবিতাটি রচিত করেন। উল্লিখিত পঙ্‌ক্তিগুলো এই কবিতা থেকে নেওয়া হয়েছে।

**Question 44**: **'All for Love' is a drama written by—**

A. Francis Bacon
B. William Congreve
C. John Bunyan
D. John Dryden

**Answer**: John Dryden

**Explanation**: Father of Modern English Criticism নামে বিখ্যাত ইংরেজ সাহিত্যিক Jhon Dryden এর লিখিত Heroic Tragedy হলো All for Love. ক্লিওপেট্রা ও এন্টনির একে অপরের জন্য প্রাণ দেওয়া নিয়ে এই নাটকের কাহিনি রচিত। ‘Love for Love’ drama টির রচয়িতা William Congreve.

**Question 45**: **Sitting happily, the chicken laid eggs. The underlined part is a/an—**

A. noun clause
B. coordinate clause
C. independent clause
D. subordinate clause

**Answer**: subordinate clause

**Explanation**: ‘ Sitting happily, the chicken laid eggs.’ sentence টির Sitting happily অংশটুকু subordinate clause. কারণ এটি Principal clause ‘the chicken laid eggs’ ছাড়া পরিপূর্ণ অর্থ প্রকাশ করতে অসমর্থ।

Medha

**Question 46**: **Caliban is an important character from Shakespeare's—**
A. Othello
B. Hamlet
C. Macbeth
D. The Tempest

**Answer**: The Tempest

**Explanation**: Shakespeare এর রচিত শেষ নাটক The Tempest এর অন্যতম চরিত্র Caliban. এটি একটি অর্ধ-মানব অর্ধ-দানব প্রকৃতির সত্তা। সে Prospero এর ভৃত্য হিসেবে থাকে। এই নাটকের আরোও কিছু চরিত্র- Prospero, Ariel, Miranda, Ferdinand, Alonso.

**Question 47**: **What kind of noun is 'river'?**
A. Material
B. Collective
C. Proper
D. Common

**Answer**: Common

**Explanation**: যেসব noun নির্দিষ্ট কোনো কিছুকে না বুঝিয়ে একটি নির্দিষ্ট শ্রেণির ব্যক্তি বা বস্তুর প্রত্যেকের সাধারণ নাম বোঝায় তাদেরকে common noun বলে। যেমন: Man, flower, girl, bird, fish, river ইত্যাদি।

**Question 48**: **'Caesar and Cleopatra' is—**
A. a tragedy by William Shakespeare
B. a poem by Lord Byron
C. a novel by S. T. Coleridge
D. a play by Bernard Shaw

**Answer**: a play by Bernard Shaw

**Explanation**: আধুনিক ইংরেজি সাহিত্যের শ্রেষ্ঠ নাট্যকার George Bernard Shaw রচিত একটি নাটক Caesar and Cleopatra. এ নাটকে রানি ক্লিওপেট্রাও রোমান সম্রাট জুলিয়াস সিজার এর মধ্যে কাল্পনিক সম্পর্ক দেখানো হয়েছে। অপরদিকে ‘Antony and Cleopatra’ drama টি William Shakespeare এর রচিত বিখ্যাত ট্রাজেডি।

Medha

**Question 49**: **Identify the right tense: 'My father _____ before I came'.**
A. would be leaving
B. had been leaving
C. will leave
D. had left

**Answer**: had left

**Explanation**: অতীতকালের দুটি কাজ সম্পন্ন হয়ে থাকলে তাদের মধ্যে যেটি আগে ঘটেছিল সেটির past perfect tense হয় এবং যেটি পরে হয়েছিল সেটির simple past tense হয়। এক্ষেত্রে, before এবং after conjunction হিসেবে ব্যবহৃত হলে 'before' এর পূর্বে past perfect এবং পরে past indefinite হয়। after এর ক্ষেত্রে past perfect পরে এবং past indefinite পূর্বে হয়। Structure: sub + had + v3 + before + sub + v2. Structure: sub + v2 + after + sub + had + v3. সুতরাং সঠিক উত্তর হবে had left.

**Question 50**: **Which of the following words is spelt incorrectly?**
A. lexicography
B. glycerin
C. idiosyncrasy
D. reminescence

**Answer**: reminescence

**Explanation**: ভুল বানান reminescence. সঠিক বানান হবে reminiscence (স্মৃতিচারণ বা পূর্ব স্মৃতি)।

**Question 51**: **Who wrote the picaresque novel titled 'Tom Jones'?**
A. Samuel Richardson
B. Horace Walpole
C. Laurence Sterne
D. Henry Fielding

**Answer**: Henry Fielding

**Explanation**: ইংরেজি সাহিত্যের উপন্যাস এর জনক Henry Fielding রচিত অন্যতম উপন্যাস Tom Jones. একে Picaresque Novel বলা হয়। এ ধরনের উপন্যাসে সমাজের নিচু শ্রেণি থেকে উঠে আসা নায়কের বর্ণনা দেওয়া হয়। যে তার বুদ্ধিমত্তা দিয়ে সমাজে টিকে থাকে।

Medha

**Question 52**: **The story of 'Moby Dick' centers on—**
A. a mermaid
B. a shark
C. a crocodile
D. a whale

**Answer**: a whale

**Explanation**: মার্কিন সাহিত্যিক Herman Melville লিখিত কালজয়ী উপন্যাস Moby Dick একটি স্পার্ম তিমিকে নিয়ে, যে উপন্যাসের নায়ক Ahab এর পা হাঁটু থেকে কামড়ে নিয়েছিলো। Ahab এর প্রতিশোধের কাহিনিই বর্ণিত হয়েছে উপন্যাসে।

**Question 53**: **'He prayeth best, who loveth best.' —Who said it?**
A. John Milton
B. John Donne
C. Lord Byron
D. S.T. Coleridge

**Answer**: S.T. Coleridge

**Explanation**: রোমান্টিক যুগের অন্যতম কবি S.T. Coleridge এর লিখিত বিখ্যাত কবিতা The Rime of the Ancient Mariner. প্রশ্নে উল্লিখিত লাইনটি এই কবিতা থেকেই নেয়া হয়েছে।

**Question 54**: **The controlling sentence of a paragraph is known as—**
A. content modulator
B. terminator
C. thesis statement
D. topic sentence

**Answer**: topic sentence

**Explanation**: একটি paragraph এর প্রধান idea টি যে বাক্যের দ্বারা প্রকাশিত হয় তাকে বলে Topic sentence. এটি সাধারণত কোন paragraph এর প্রথমে লেখা হয়। এ কারণেই Topic sentence কে মাঝে মাঝে paragraph এর controlling idea হিসেবে অভিহিত করা হয়।

**Question 55**: **Choose the correct comparative form of the sentence: 'Very few**

Medha

**boys are as industrious as Zaman.'**
A. Zaman is one of the most industrious boys.
B. Zaman is as industrious as other boys.
C. Zaman is really industrious like other boys.
D. Zaman is more industrious than most other boys.

**Answer**: Zaman is more industrious than most other boys.

**Explanation**: Positive degree তে plural অর্থাৎ very few থাকলে comparative form হবে, Sub + Verb + comparative form of the positive form + than most other + extension.

**Question 56**: **Identify the appropriate preposition: Your opinion is identical __ mine.**
A. for
B. in
C. by
D. with

**Answer**: with

**Explanation**: Identical with মানে হলো কারো মতামতের সাথে নিজের মতামতের মিল হওয়া। তাই এখানে with হবে।

**Question 57**: **'Paradise Lost' attempted to—**
A. justify the ways of man to God
B. show that Satan and God have equal power
C. explain why both good and evil are necessary
D. justify the ways of God to man

**Answer**: justify the ways of God to man

**Explanation**: John Milton রচিত বিখ্যাত মহাকাব্য Paradise Lost. এতে আদি পুরুষ ও আদি নারী এর স্বর্গ থেকে বিতাড়িত হবার কাহিনির মাধ্যমে মানুষের প্রতি ঈশ্বরের ন্যায় বিচার প্রতিপন্ন করেছে। তাই বলা হয়, এই মহাকাব্যটি Attempted to Justify the ways of God to Man.

**Question 58**: **"Oh, lift me as a wave, a leaf, a cloud! I fall upon the thorns of life! I bleed!" The extract is taken from P. B. Shelley's poem—**

A. The Cloud
B. To a Skylark
C. Adonais
D. Ode to the West Wind

**Answer**: Ode to the West Wind

**Explanation**: As thus with thee in prayer in my sore need.
Oh! lift me as a wave, a leaf, a cloud!
I fall upon the thorns of life! I bleed!
A heavy weight of hours has chained and bowed
One too like thee: tameless, and swift, and proud.
- Ode to the West Wind by P. B. Shelley.

**Question 59**: **Who wrote the short story 'The Ant and the Grasshopper'?**
A. Guy de Maupassant
B. O' Henry
C. J. K. Rawlings
D. W. Somerset Maugham

**Answer**: W. Somerset Maugham

**Explanation**: বিখ্যাত উপন্যাসিক ও ছোটগল্প লেখক W.S. Maugham এর রূপকথা ধর্মী শিক্ষামূলক গল্প The Ant and the Grasshopper. সুসময়ে সঞ্চয়ের শিক্ষা দেওয়া হয়েছে এ গল্পে।

**Question 60**: **The word 'vital' is a/an—**
A. noun
B. adverb
C. verb
D. adjective

**Answer**: adjective

**Explanation**: Vital হলো adjective. সাধারণত suffix 'al' যোগে শব্দগুলো adjective হয়। যেমন: Political, Special, Social ইত্যাদি।

**Question 61**: **'To get along with' means—**

Medha

A. to walk
B. to interest
C. to accompany
D. to adjust

**Answer**: to adjust

**Explanation**: To get along with একটি phrasal verb যার অর্থ তাল মিলানো, সুসম্পর্ক করা। তাই সঠিক উত্তর হবে to adjust.

**Question 62**: **The synonym for 'panoramic' is—**
A. restricted
B. narrow
C. limited
D. scenic

**Answer**: scenic

**Explanation**: Panoramic এর বাংলা অর্থ দূর-দৃশ্য বা চিত্র সংক্রান্ত। এটার synonym হলো scenic যার অর্থ দৃশ্য।

**Question 63**: **The antonym for 'slothful' is—**
A. playful
B. sluggish
C. quarrelsome
D. energetic

**Answer**: energetic

**Explanation**: Slothful এর বাংলা অর্থ অলস যার antonym হবে energetic এর অর্থ কর্মঠ।

**Question 64**: **Alexander Pope's 'Essay on Man' is a—**
A. novel
B. treatise
C. short story
D. poem

Medha

**Answer**: poem

**Explanation**: ইংরেজি সাহিত্যের Neo Classical যুগের Augustan Period এর অন্যতম শ্রেষ্ঠ কবি Alexander Pope. তাঁর রচিত An Essay on Man নামক রচনাটির শুরুতে Essay থাকলেও এটি মূলত একটি কবিতা। এই কবিতায় তিনি তাঁর স্বভাবসুলভ ব্যঙ্গবিদ্রুপের ভাষা ত্যাগ করে মানবীয় দর্শনের কথা ফুটিয়ে তুলেছেন।

**Question 65**: **'By and large' means—**

A. everywhere
B. very large
C. far away
D. mostly

**Answer**: mostly

**Explanation**: By and Large একটি Idioms and phrase যার english meaning হয় Mostly যার বাংলা অর্থ প্রধানত/ সাধারণত।

**Question 66**: **Francis Bacon is an illustrious—**

A. journalist
B. dramatist
C. novelist
D. essayist

**Answer**: essayist

**Explanation**: Francis Bacon ছিলেন Elizabethan যুগের একজন ইংরেজ রাজনীতিবিদ, দার্শনিক ও সরকারি আইনজীবী। সাহিত্য রচনার ক্ষেত্রে তিনি ছিলেন গদ্য সাহিত্যিক। তিনি Essay বা প্রবন্ধ রচনার ক্ষেত্রে খ্যাতি অর্জন করেন। তাঁকে ‘Father of English Essay’ বলা হয়। তাঁর অধিকাংশ প্রবন্ধের শুরুতে ‘of’ শব্দটি আছে। Of Truth, Of Death, Of Marriage and Single life ইত্যাদি তাঁর কিছু বিখ্যাত Essay.

**Question 67**: **‘He could not win but learnt a lot.' Which part of speech is the word 'but'?**

A. an adverb
B. a verb
C. an adjective

D. a conjunction

**Answer**: a conjunction

**Explanation**: And, or, but, yet, however, only etc. হলো coordinating conjunction যা দুই বা ততোধিক সমশ্রেণির clause কে যুক্ত করে। সে অনুযায়ী প্রশ্নে but হবে a conjunction.

**Question 68: 2log105 + log1036 - log109 =?**

A. 4.6
B. 100
C. 37
D. 2

**Answer**: 2

**Explanation**: 2log105 + log10 36 - log10 9
= log10 52 + log10 36 - log10 9
= log 10 (25*36/9)
=log10 100
=log10 10^2
=2 log10 10
= 2

**Question 69: ক্রয়মূল্য বিক্রয়মূল্যের দ্বিগুণ হলে শতকরা লাভ বা ক্ষতির পরিমাণ কত?**

A. লাভ ২৫%
B. ক্ষতি ২৫%
C. লাভ ১০%
D. ক্ষতি ৫০%

**Answer**: ক্ষতি ৫০%

**Explanation**: ধরি,
ক্ষতি = 2x - x = x
ক্ষতি (%) = (ক্ষতি/ ক্রয়মূল্য ) × 100%
= (x /2x )× 100%
= 50%

Medha

**Question 70**: একটি ফাংশন **f: R-->R, f(x) = 2x+1** দ্বারা সংজ্ঞায়িত হলে **f-1(2)** এর মান কত**?**
A. 0
B. 1
C. 5
D. 1/2

**Answer**: 1/2

**Explanation**: y = 2x+1
Or, x = (y-1)/2
Or, f'(x) = (x-1)/2
So, f'(2) = (2-1)/2 = 1/2

**Question 71**: **ABC** ত্রিভুজে **B** কোণের পরিমাণ ৪৮° এবং **AB = AC**। যদি **E** এবং **F AB** এবং **AC**-কে এমনভাবে ছেদ করে যেন **EF || BC** হয়, তাহলে **∠A + ∠AFE =?**
A. ১৬০°
B. ১৮০°
C. ১০৮°
D. ১৩২°

**Answer**: ১৩২°

**Explanation**: চিত্রে, ∠B = ৪৮° এবং AB = AC সুতরাং ∠B = ∠C = ৪৮° আবার, EF||BC এবং AC ছেদক ∠C = ∠AFE [একান্তর কোণ] অতএব ∠AFE = ৪৮° এখানে, ∠A + ∠B + ∠C = ১৮০° ⇒ ∠A + ৪৮° + ৪৮° = ১৮০০ ⇒ ∠A = ১৮০০ - ৯৬০ ∠A = ৮৪° সুতরাং ∠A + ∠AFE = ৮৪° + ৪৮°= ১৩২°

**Question 72**: যদি **log10x = -1** হয়, তাহলে নিচের কোনটি **x** এর মান**?**
A. 0.001
B. 0.01
C. 1/10000
D. 0.1

**Answer**: 0.1

**Explanation**: \log_{10}x = -1 \Rightarrow x = 10^{-1} = \frac{1}{10} = 0.1

**Question 73**: যদি **-5, p,q,16** সমান্তর অনুক্রমে থাকে, তাহলে **p** ও **q** এর মান হবে যথাক্রমে **-**
A. -2,9
B. 2,-9
C. -2,-9
D. 2,9

**Answer**: 2,9

**Explanation**: ১. সাধারণ পার্থক্য, d= 16-(-5)/3 = 21/3 =7
২. p= -5 + 7= 2
৩. q=2+7 = 9

**Question 74**: **i-49** এর মান কত**?**
A. -1
B. i
C. 1
D. -i

**Answer**: -i

**Explanation**: আমরা জানি, i = √-1, $i^2$ = 1, i3 -i এবং i = 1
i^-49=1/i^49=1/i^48 *i =4=1/1*i =i^4/i=i^3 =-i

**Question 75**: ১৮ এবং ৭২ এর গুণোত্তর গড় কোনটি**?**
A. ৪৫
B. ১২৯৬
C. ৪
D. ৩৬

**Answer**: ৩৬

**Explanation**: গুণোত্তর গড় = √১৮×৭২
= √(৩×৬×৬×৩×২×২)
= ৩×৬×২ = ৩৬

**Question 76**: **1 - 1 + 1 - 1 + 1 - 1 + ... + n** সংখ্যক পদের যোগফল হবে **-**
A. 0

Medha

B. 1
C. [1+(-1)n]
D. (1/2)[1-(-1)n]

**Answer**: (1/2)[1-(-1)n]

**Explanation**: এখানে ধারাটির ১ম পদ, a = 1 এবং সাধারণ অনুপাত, r =- 1/1=-1,  ধারাটির n সংখ্যক পদের সমষ্টি, Sn= a(1-r^n) /1-r=1(1-(-1)^n}/1-(-1)=1/2[1-(-1)^n]

**Question 77**:  একটি সুষম বহুভুজের প্রত্যেকটি কোণ ১৬৮°। এর বাহুসংখ্যা কতগুলো হবে**?**
A. ১০
B. ২০
C. ১৮
D. ৩০

**Answer**: ৩০

**Explanation**: একটি সুষম বহুভুজের ক্ষেত্রে, প্রতিটি কোণের মান  এবং বহুভুজটির বাহুসংখ্যা  এর মধ্যে সম্পর্ক হলো:
$\theta = \frac{(n - 2) \times 180^\circ}{n}$
এখানে ।
তাহলে,
$168 = \frac{(n - 2) \times 180}{n}$
এখন সমীকরণটি সমাধান করি:
168n = 180n - 360
180n - 168n = 360
12n = 360
$n = \frac{360}{12} = 30$
অতএব, বহুভুজটির বাহুসংখ্যা হবে ৩০।

**Question 78**:  একটি সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য ২ সে.মি. এবং উচ্চতা **x** সে.মি. হলে, **x** এর মান কোনটি**?**
A. √2
B. ৩
C. ২
D. √3

**Answer**: √3

Medha

**Explanation**: একটি সমবাহু ত্রিভুজের ক্ষেত্রে, যদি প্রতিটি বাহুর দৈর্ঘ্য  হয়, তবে তার উচ্চতা  (যা এখানে ) হবে:
$h = \frac{\sqrt{3}}{2} \times a$
এখানে  সেমি, তাই
$h = \frac{\sqrt{3}}{2} \times 2 = \sqrt{3} \approx 1.73 \, \text{সেমি}$
অতএব,  এর মান হলো  সেমি বা আনুমানিক 1.73 বা √3 সেমি।

**Question 79**: **যদি 4√x3 = 2 হয়, তাহলে x3/2 =?**
A. 8
B. 16
C. 64
D. 4

**Answer**: 4

**Explanation**: প্রশ্নটি সমাধান করতে:
ধরা যাক,
১. প্রথমে  সমীকরণটি থেকে -কে আলাদা করি:
$\sqrt{x^3} = \frac{2}{4} = \frac{1}{2}$
২. এবার দুই পাশের বর্গ করি, যাতে বর্গমূলটি দূর হয়:
$x^3 = \left( \frac{1}{2} \right)^2 = \frac{1}{4}$
৩. এখন, -এর মান নির্ণয় করতে  ব্যবহার করি, যা আমরা ইতিমধ্যে জানি :
$x^{3/2} = \frac{1}{2}$
অতএব, উত্তর:
$x^{3/2} = \frac{1}{2}$

**Question 80**: **P(A) = 1/3, P(B) = 3/4 হলে A ও B স্বাধীন হলে P(AUB) এর মান কত?**
A. 3/ 4
B. 1/3
C. এর কোনটি নয়।
D. 5/6

**Answer**: 5/6

**Explanation**: দেওয়া আছে, A ও B স্বাধীন সুতরাং P(A ∩ B) = P(A). P(B) আমরা জানি, P(AUB) = P(A) + P(B) - P(A ∩ B) = P(A) + P(B) - P(A). P(B) =1/3 +3/4 - 1/3 *3/4 = 1/3 + 3/4 - 1/4 = 4+9-3/12 =10/12=5/6

Medha

**Question 81: বাস্তব সংখ্যায় | 3x+2 | < 7 অসমতাটির সমাধান:**

A. $-3 < x < 3$

B. $-5/3 < x < 5/3$

C. $5/3 < x < -5/3$

D. $-3 < x < 5/3$

**Answer**: $-3 < x < 5/3$

**Explanation**: প্রদত্ত অসমতা, |3x + 2| < 7 Rightarrow - 7 < 3x + 2 < 7 Rightarrow - 7 - 2 < 3x + 2 - 2 < 7 - 2 Rightarrow - 9 < 3x < 5 Rightarrow - 9/3 < (3x)/3 < 5/3 - 3 < x < 5/3

**Question 82: 6a2bcএবং 4a3b2c2-এর সংখ্যা সহগের গ.সা.গু. নিচের কোনটি?**

A. a2bc

B. 2a2bc

C. 2a2b2c2

D. কোনটিই নয়

**Answer**: কোনটিই নয়

**Explanation**: আমরা জানি ,
গ. সা. গু. হল শুধু মিল গুলো
সুতরাং , 6a2bc এবং 4a3b2c2 সংখ্যা সহগের গ.সা.গু = 2

**Question 83: সুপরিবাহী পদার্থে valence band এবং conduction band -**

A. আলাদা থাকে

B. কোনটিই নয়

C. অনেক দূরে থাকে

D. ওভারল্যাপ থাকে

**Answer**: ওভারল্যাপ থাকে

**Explanation**: পরিবাহী পদার্থ বলতে সে সমস্ত পদার্থ বোঝানো হয় যার ভেতর দিয়ে সহজে বিদ্যুৎ প্রবাহিত হয়। ফলে যোজ্যতা ইলেকট্রন গুলো অনায়াসেই পরিবহন ব্যান্ড ও যোজন ব্যান্ডের নিম্নাংশের উপরিপাত (overlapping) হয়।

Medha

**Question 84:** ফটোগ্রাফিক প্লেটে আবরণ থাকে -
A. সিলভার ফ্লোরাইডের
B. সিলভার ক্লোরাইডের
C. অ্যামোনিয়াম ক্লোরাইডের
D. সিলভার ব্রোমাইডের

**Answer**: সিলভার ব্রোমাইডের

**Explanation**: ফটোগ্রাফিক প্লেটে আবরণ থাকে সিলভার ব্রোমাইডের। সিলভার ব্রোমাইড একটি রাসায়নিক যৌগ যাতে একটি ব্রোমাইড আয়ন বা লিগ্যান্ড রয়েছে এবং এর সংকেত হচ্ছে AgBr.

**Question 85:** বজ্রবৃষ্টির ফলে মাটিতে উদ্ভিদের কোন খাদ্য উপাদান বৃদ্ধি পায়**?**
A. ফসফরাস
B. পটাশিয়াম
C. অক্সিজেন
D. নাইট্রোজেন

**Answer**: নাইট্রোজেন

**Explanation**: মাটির উর্বরতা বৃদ্ধিতে সাহায্য করে নাইট্রোজেন। বাতাসের নাইট্রোজেন পানিতে মিশে মাটিতে শোষিত হওয়ার পরে মাটির উর্বরতা বৃদ্ধি করে। নাইট্রেট ($NO_3^-$) আয়ন হিসাবে উদ্ভিদ সাধারণত মাটি থেকে নাইট্রোজেন সংগ্রহ করে। বজ্রবৃষ্টির ফলে মাটিতে উদ্ভিদের খাদ্য উপাদান নাইট্রোজেনের পরিমাণ বৃদ্ধি পায়। কারণ আকাশে বিদ্যুৎক্ষরণের সময় নাইট্রোজেন অক্সিজেনের সাথে যুক্ত হয়ে নাইট্রোজেনের অক্সাইডসমূহ উৎপন্ন করে।

**Question 86:** ফলিক এসিডের অন্য নাম কোনটি**?**
A. ভিটামিন বি ১২
B. ভিটামিন বি ৬
C. ভিটামিন বি ১
D. ভিটামিন বি ৯

**Answer**: ভিটামিন বি ৯

**Explanation**: ফলিক এসিড বা ভিটামিন বি ৯ হচ্ছে ভিটামিন বি এর একটি রূপ যা প্রাকৃতিকভাবে সৃষ্ট ও পানিতে দ্রবণীয়।

**Question 87:** যে কারণে শৈশব-অন্ধত্ব হতে পারে তা হলো -

Medha

A. এইচআইভি/এইডস
B. ম্যালেরিয়া
C. যক্ষা
D. হাম

**Answer**: হাম

**Explanation**: হাম হলে ব্যাকটেরিয়ার সংক্রমণ হয়, তা থেকে শিশুদের মৃত্যু হবার ঝুঁকি থাকে। হামের সংক্রমণে শিশুদের ফুসফুসে ও মস্তিষ্কে প্রদাহ, শ্রুতিহানি এমনকি অন্ধত্বের শিকার হতে পারে। এই কারণে হামে আক্রান্ত সমস্ত শিশুকে ২৪ ঘন্টা পর দুই মাত্রায় সম্পূরক ভিটামিন এ দেয়া হয়, যাতে হামের কারণে সৃষ্ট ভিটামিন এর অভাব পূরণ হয় (যা অপুষ্টিতে না ভোগা শিশুদেরও হতে পারে) এবং চোখের ক্ষতি বা অন্ধত্ব প্রতিরোধ করা যায়।

**Question 88**: ব্যাকটেরিয়ার গতিশীলতার জন্য তার যে গঠন দায়ী তা হলো—
A. পিলি
B. ক্যাপসুলস
C. শীথ
D. ফ্লাজেলা

**Answer**: ফ্লাজেলা

**Explanation**: ফ্ল্যাজেলা ব্যাকটেরিয়ার গতিশীলতা বা গতিবিধি বা চলাচলে সহায়তা করে। এটি কোষের পৃষ্ঠের সাথে বিশেষভাবে কোষের ঝিল্লি বা সাইটোপ্লাজমের সাথে লেগে থাকে এবং গতিশীলতাকে উৎসাহিত করে। প্রোক্যারিওটে ফ্ল্যাজেলা গঠন সহজ এবং এতে মূলত তিনটি অংশ রয়েছে।

**Question 89**: 'কেপলার-৪৫২বি' কী?
A. একটি মহাকাশযান
B. NASA-এর অত্যাধুনিক টেলিস্কোপ
C. সূর্যের মতো একটি নক্ষত্র
D. পৃথিবীর মতো একটি গ্রহ

**Answer**: পৃথিবীর মতো একটি গ্রহ

**Explanation**: কেপলার- ৪৫২বি হল স্বীকৃত তথা পৃথিবীর প্রায় সমান আকৃতিবিশিষ্ট একটি গ্রহবিশেষ। সম্ভবত এটি একটি শিলাময় গ্রহ।

**Question 90**: ধারালো যন্ত্রপাতি জীবাণুমুক্ত করার ভাল পদ্ধতি –

A. বয়লিং
B. বেনজিন ওয়াশ
C. ফরমালিন ওয়াশ
D. কেমিক্যাল স্টেরিলাইজেশন

**Answer**: কেমিক্যাল স্টেরিলাইজেশন

**Explanation**: স্বাস্থ্যসেবায় ব্যবহৃত বেশিরভাগ চিকিত্সা এবং অস্ত্রোপচারের ডিভাইসগুলি যেমন: স্ক্যাল্পেল, হাইপোডার্মিক সূঁচ এবং কৃত্রিম পেসমেকার কেমিক্যাল স্টেরিলাইজেশন অথবা রাসায়নিকভাবে জীবাণুমুক্ত করতে হয়। যেমন: ইথিলিন অক্সাইড গ্যাস ১৯৫০ সাল থেকে তাপ এবং আর্দ্রতা-সংবেদনশীল চিকিৎসা যন্ত্রের জন্য ব্যবহৃত হচ্ছে। এছাড়াও নিম্ন-তাপমাত্রার জীবাণুমুক্তকরণ ব্যবস্থা (যেমন: বাষ্পযুক্ত হাইড্রোজেন পারক্সাইড, পেরাসেটিক এসিড নিমজ্জন, ওজোন) তৈরি করা হয়েছে এবং চিকিত্সা ডিভাইসগুলোকে জীবাণুমুক্ত করতে ব্যবহৃত হচ্ছে।

**Question 91**: সাবানের আয়নিক গ্রুপ হলো—
A. R3NH+
B. SO3-Na+
C. R2NH2+
D. COO-Na+

**Answer**: COO-Na+

**Explanation**: সাবান ( R-COONa) ও ডিটারজেন্ট একটি দীর্ঘ কার্বন শিকল বিশিষ্ট অণু। পাণিতে দ্রবীভূত অবস্থায় এরা ঋণাত্মক চার্জ বিশিষ্ট সাবান ( R-COO-) বা ডিটারজেন্ট আয়ন এবং ধনাত্মক সোডিয়াম আয়ন ( Na+) ভাগ হয়ে যায়।

**Question 92**: কোন জোড়াটি বেমানান?
A. যক্ষ্মার জীবাণু : রবার্ট কচ
B. হোমিওপ্যাথি: হ্যানিম্যান
C. এনাটমি : ভেসলিয়াস
D. ব্যাকটেরিয়া : রবার্ট হুক

**Answer**: ব্যাকটেরিয়া : রবার্ট হুক

**Explanation**: এখানে শুধুমাত্র ব্যাকটেরিয়া: রবার্ট হুক জোড়াটি বেমানান। কারণ ব্যাকটেরিয়া আবিষ্কার করেন বিজ্ঞানী অ্যান্টনি ফন লিউয়েন হুক। তিনি সর্বপ্রথম ১৬৭৫ খ্রিষ্টাব্দে বৃষ্টির পানির মধ্যে নিজের তৈরি সরল অণুবীক্ষণযন্ত্রের নিচে ব্যাকটেরিয়া পর্যবেক্ষণ করেন।

Medha

**Question 93**: এনজাইম, অ্যান্টিবডি এবং হরমোন-এর মৌলিক উপাদান -
A. লবণ
B. ক্যালসিয়াম
C. ভিটামিন
D. প্রোটিন

**Answer**: প্রোটিন

**Explanation**: এনজাইম বা উৎসেচক হচ্ছে প্রোটিন দিয়ে গঠিত এক প্রকার অরগানিক ক্যাটালিস্ট (জৈব অনুঘটক)। দেহে অ্যান্টিজেনের উপস্থিতিতে প্রত্যুত্তর হিসেবে অ্যান্টিবডি নামক ইংরেজি ওয়াই (Y) আকৃতির প্রতিরক্ষামূলক প্রোটিন জাতীয় পদার্থ তৈরি হয়। অধিকাংশ হরমোন প্রোটিন দিয়ে গঠিত। যেমন: ইনসুলিন, হিমোগ্লোবিন।

**Question 94**: মকরক্রান্তি রেখা কোনটি?
A. ২৩°৩০′ পশ্চিম দ্রাঘিমাংশ
B. ২৩°৩০′ উত্তর অক্ষাংশ
C. ২৩°৩০′ পূর্ব দ্রাঘিমাংশ
D. ২৩°৩০′ দক্ষিণ অক্ষাংশ

**Answer**: ২৩°৩০′ দক্ষিণ অক্ষাংশ

**Explanation**: মকরক্রান্তি রেখা বা Tropic of capricorn হলো দক্ষিণ গোলার্ধে অবস্থিত একটি অক্ষরেখা, যার উপর সূর্য দক্ষিণায়নের সময় (২১ ডিসেম্বর) লম্বভাবে কিরণ দেয়। মকরক্রান্তি রেখা সর্বদক্ষিণে অবস্থিত। মকরক্রান্তি রেখাটি ২৩°৩০′ দক্ষিণ অক্ষাংশে অবস্থিত।

**Question 95**: পরম শূন্য তাপমাত্রা কোনটি?
A. ২৭৩° সেন্টিগ্রেড
B. -২৭৩° ফারেনহাইট
C. ০° সেন্টিগ্রেড
D. ০° কেলভিন

**Answer**: ০° কেলভিন

**Explanation**: পরম শূন্য (Absolute Zero) হচ্ছে এই মহাবিশ্বের সম্ভাব্য সর্বনিম্ন তাপমাত্রা। তাপমাত্রামাপক যন্ত্রে এর মান হচ্ছে O° কেলভিন অথবা -২৭৩.১৫° সেন্টিগ্রেড বা -৪৬০° ফারেনহাইট। মহাবিশ্বে এর থেকে কম তাপমাত্রা হওয়া সম্ভব নয়।

Medha

**Question 96: আদর্শ ভোল্টেজ উৎসের অভ্যন্তরীণ রোধ কত?**

A. অসীম

B. অনেক বড়

C. অতি ক্ষুদ্র

D. শূন্য

**Answer**: শূন্য

**Explanation**: একটি আদর্শ ভোল্টেজ উৎসের অভ্যন্তরীণ রোধ শূন্য। এটা যে কোন পরিমাণের বিদ্যুৎ সরবরাহ এবং শোষণ করতে পারে। একটি আদর্শ বিভব উৎসের মাঝের বিদ্যুৎ প্রবাহ সম্পূর্ণভাবে বহিঃস্থ বর্তনীর মাধ্যমে নির্ণয় করা যেতে পারে।

**Question 97: নিচের কোনটি Structured Query Language নয়?**

A. Java

B. MySQL

C. Oracle

D. উপরের সবগুলো

**Answer**: উপরের সবগুলো

**Explanation**: Java হচ্ছে Programming language, এটি Structured Query Language (SQL) নয়। অন্যদিকে MySQL হচ্ছে সবচেয়ে জনপ্রিয় ডাটাবেজ Management সফটওয়্যার। কিন্তু এটি কোনো Language নয়। Oracle এক ধরনের Object Relational Database Management System যা Oracle কর্পোরেশন নামক যুক্তরাষ্ট্র ভিত্তিক একটি কোম্পানি বাজারজাত করেন।

**Question 98: ইন্টারনেট যোগাযোগ ব্যবস্থায় Hostname-কে IP Address-এ অনুবাদ করে -**

A. FTP Server

B. Firewall

C. Gateway

D. DNS Server

**Answer**: DNS Server

**Explanation**: Domain Name System (DNS) হলো এমন একটি প্রযুক্তি যা ইন্টারনেট ব্যবহারকারীদের বিভিন্ন ওয়েবসাইট এবং ইন্টারনেটের অন্যান্য স্থানে পরিচালিত করে। DNS রেজুলিউশনের প্রক্রিয়াতে একটি হোস্ট নেইম (উদাহরণ: www.example.com) কম্পিউটার-বান্ধব আইপি ঠিকানায় (উদাহরণ: 192.168.1.1) রূপান্তর করে। যখন কোন ইন্টারনেট ব্যবহারকারী কোন ওয়েবপৃষ্ঠা লোড করতে

চান, তখন DNS Server হোস্টনাম এর পরিবর্তে একটি আইপি ঠিকানা দেয়, যার প্রেক্ষিতে ব্যবহারকারী নির্দিষ্ট সাইটে পৌঁছাতে পারে।

**Question 99:** নিচের কোন মডেলটি **Cloud Computing** সেবা প্রদানকারীগণ ব্যবহার করে না**?**
A. SaaS
B. IaaS
C. PaaS
D. CaaS

**Answer**: CaaS

**Explanation**: ক্লাউড কম্পিউটিং এর সার্ভিস মডেল ৩টি। সার্ভিসগুলো হলো:
• অবকাঠামোগত সেবা (Iaas - Infrastructure as a service).
• প্লাটফর্ম ভিত্তিক সেবা (Paas Platform as a service).
• সফটওয়্যার ভিত্তিক সেবা (Saas Software as a service).

**Question 100:** অ্যামাজন-এর ক্লাউড প্লাটফর্ম কোনটি**?**
A. Azure
B. উপরের সবগুলো
C. Cloudera
D. AWS

**Answer**: AWS

**Explanation**: ক্লাউড কম্পিউটিং এ যেসব আন্তর্জাতিক পরিষেবা নেতৃত্ব দিচ্ছে তাদের মধ্যে অন্যতম হলো অ্যামাজন ওয়েব সার্ভিসেস (Amazon Web Services- AWS)।

**Question 101:** নিচের কোন সাইবার আক্রমণ সংঘটিত হলে গ্রাহক নিজ **Computer System** ব্যবহার করতে পারেন না এবং **Computer System-**কে ব্যবহার উপযোগী করতে অর্থ দাবি করা হয়**?**
A. Phishing
B. Denial of Service
C. Man-in-the-Middle
D. Ransomware

**Answer**: Ransomware

**Explanation**: Phishing: ফিশিং হচ্ছে এমন একটা পদ্ধতি যা ব্যবহার করে ইউজারের ব্যক্তিগত অথবা

স্পর্শকাতর তথ্য পাওয়া যায়। যেমন: ব্যাংক অথবা ক্রেডিড কার্ডের তথ্য। Denial of Service: এর ধরনের অ্যাটাক হলো কোনো সিস্টেমের কোনো রিসোর্স বা সেবার (Service) প্রকৃত ব্যবহারকারীদের বাধা দেয়ার একটি কৌশল। Ransomware: এটা এক ধরনের ম্যালওয়্যার যা একটি কম্পিউটার ডিভাইসকে আক্রান্ত করার পর ব্যবহারকারীকে তার মেশিনে প্রবেশ করা থেকে বিরত রাখে এবং ব্যবহাকারীর প্রবেশগম্যতা সীমাবদ্ধ করে দেয় এবং সীমাবদ্ধতা দূর করার জন্য ব্যবহাকারী কাছ থেকে মুক্তিপণ (অর্থ) দাবি করে। Man-in-The-Middle: এটি অ্যাটাক হলো এক ধরনের গোপন আক্রমণ, যেখানে আক্রমণকারীরা একটি বিদ্যমান কথোপকথন বা ডেটা স্থানান্তরকে বাধা দেয়।

**Question 102: SCSI-**এর পূর্ণরূপ কী**?**

A. Small Computer Standard Interface
B. Small Computer Software Interface
C. Small Computer Storage Interface
D. Small Computer System Interface

**Answer**: Small Computer System Interface

**Explanation**: SCSI এর পূর্ণরূপ হলো: Small Computer System Interface. এটি সরাসরি কম্পিউটার এবং বিভিন্ন পেরিফেরাল ডিভাইসের মধ্যে ডাটা আদান-প্রদানে ব্যবহৃত হয়।

**Question 103:** নিচের কোন ডিভাইসটি ইনপুট ও আউটপুট ডিভাইস হিসাবে কাজ করে**?**

A. Scanner
B. Mouse
C. Projector
D. Touch Screen

**Answer**: Touch Screen

**Explanation**: টাচ স্ক্রিন হলো এক ধরনের স্পর্শকাতর ভিডিও ডিসপ্লে পর্দা যার ওপর কোনো কিছুর (সাধারণত হাতের আঙুলের) স্পর্শ দিয়ে ডেটা ইনপুট করা হয়। এ ধরনের সিস্টেমের সাহায্যে দ্রুত ডেটা ইনপুট করা যায়।

**Question 104:** নিচের কোন **Octal** সংখ্যাটি **Decimal** সংখ্যা ৫৫-এর সমতুল্য**?**

A. ৫৫
B. ৭৭
C. ৮৭
D. ৬৭

**Answer**: ৬৭

**Explanation**: When 55 is divided by 8 , the quitient is 6 and the remiander is 7
When 6 is divided by 8, th quitient is 0 and the remiander is 6.
Write the remainders from bottom to top
(55)10 = (67)8

**Question 105: নিচের কোনটি systern software নয়?**
A. Linux
B. Android
C. Apple iOS
D. Mozilla Firefox

**Answer**: Mozilla Firefox

**Explanation**: Mozila Firefox হলো একটি ওয়েবব্রাউজার। অন্যদিকে Linux হলো কম্পিউটারের একটি অপারেটিং সিস্টেম সফ্টওয়্যার এবং Andriod, Apple iOS হলো মোবাইলের অপারেটিং সিস্টেম সফ্টওয়্যার।

**Question 106:** এক মেশিন থেকে অন্য মেশিনে ই-মেইল মেসেজ স্থানান্তর করতে কোন **TCP/IP** প্রটোকল ব্যবহার হয়**?**
A. FTP
B. RPC
C. SNMP
D. SMTP

**Answer**: SMTP

**Explanation**: SMTP এর পূর্ণরূপ হলো- Simple Mail Transfer Protocol. SMTP সাধারণত ই-মেইল পাঠাতে ও ই-মেইল গ্রহণ করতে ব্যবহৃত হয়। এটি কখনো কখনো POP3 এর সাথে যুক্ত করা হয়।

**Question 107:** যে কম্পিউটার প্রোগ্রাম নিজে নিজেই অন্য কম্পিউটারে ইন্টারনেটের মাধ্যমে কপি হয় তাকে _____বলে।
A. Program Virus
B. Boot Virus
C. Trojan Horse
D. Worms

**Answer**: Worms

**Explanation**: কম্পিউটার Worms হলো একটি স্বাধীন Malware Computer Programme যা নিজেকে নকল করতে পারে এবং অন্য কম্পিউটারে ছড়িয়ে পড়তে পারে। কম্পিউটার নেটওয়ার্ক ব্যবহার করে প্রায়শই এটি ছড়িয়ে পড়ে অন্য কম্পিউটারের নিরাপত্তার ব্যর্থতার সুযোগ নেয়।

**Question 108: নিচের কোন প্রতিষ্ঠানটি 4G Standard প্রস্তুতকরণে সম্পৃক্ত?**

A. ISO
B. ETSI
C. 3GPP
D. ITU

**Answer**: ITU

**Explanation**: 4G হল ব্রডব্যান্ড সেলুলার নেটওয়ার্ক প্রযুক্তির চতুর্থ প্রজন্ম। একটি 4G সিস্টেম অবশ্যই IMT অ্যাডভান্সড -এ ITU দ্বারা সংজ্ঞায়িত ক্ষমতা প্রদান করবে।

**Question 109: নিচের কোনটি Open Source Software?**

A. Adobe Photoshop
B. Microsoft Windows
C. Zoom
D. Google Chrome

**Answer**: Google Chrome

**Explanation**: ওপেন সোর্স (ইংরেজি: Open - source), বাংলায় উন্মুক্ত উৎস হলো একটি বিকেন্দ্রিক সফটওয়্যার উন্নয়ন মডেল যেটি উন্মুক্ত সহযোগিতার উপর গুরুত্বারোপ করে। ওপেন সোর্স সফটওয়্যার উন্নয়নের অন্যতম মূলনীতি হল জনসাধারণের জন্যে উন্মুক্ত কম্পোনেন্ট: উৎস কোড, ব্লুপ্রিন্ট এবং ডকুমেন্টেশনের সাথে সাথে একতাবদ্ধভাবে উন্নয়ন। Open Source Software : Google Chrome

**Question 110: নিচের কোন Protocol-টি ইন্টারনেটে তথ্য আদান-প্রদানের নিরাপত্তা নিশ্চিত করে থাকে?**

A. FTP
B. DNS
C. TCP
D. HTTPS

**Answer**: HTTPS

Medha

**Explanation**: HTTPS (Hyper Text Transfer Protocol Secure): HTTPS হলো নেটওয়ার্কের সুরক্ষিত যোগাযোগের জন্য একটি প্রোটোকল যা ইন্টারনেটে ব্যাপকভাবে ব্যবহৃত হয়। HTTPS URL শুরু হয় 'https://' দিয়ে এটি নেটওয়ার্কের উপর ডেটা সুরক্ষা নিশ্চিত করে অর্থাৎ যদি কোনো ওয়েবসাইটে SSL (Secured Socked Layer) Certificate ইনস্টল করা থাকে তবে সেই ওয়েব সাইটটির URL টি HTTPS হবে। অর্থাৎ ওয়েবসাইটটি সম্পূর্ণ সুরক্ষিত থাকবে। এই এনক্রিপ্ট করা ডেটা ক্লায়েন্ট এবং সার্ভারের মধ্যে অন্য কেউ পড়তে বা হ্যাক করতে পারে না। তাই HTTP এর চেয়ে HTTPS বেশি সুরক্ষিত।

**Question 111: Piconet কী?**
A. Wifi Network
B. Wide Area Network
C. 5G Network
D. Bluetooth Network

**Answer**: Bluetooth Network

**Explanation**: পিকনেট হলো একটি অ্যাডহক নেটওয়ার্ক বা ব্লুটুথ প্রযুক্তি প্রোটোকল ব্যবহার করে একটি বেতার ব্যবহারকারী গ্রুপকে ডিভাইসের লিংক করে। একটি পিকনেটে দুটি বা ততোধিক ডিভাইস একই শারীরিক চ্যানেল দখল করে। এটি একটি মাস্টার ডিভাইসটিকে সাতটি সক্রিয় দাস ডিভাইসগুলোর সাথে আন্তঃসংযোগ করার অনুমতি দেয়।

**Question 112:** প্রশ্নবোধক চিহ্নের স্থানে কোন চিত্রটি বসবে**? -> 14.PNG**
A. ১
B. ৪
C. ৩
D. ২

**Answer**: ২

**Explanation**: প্রথম ঘরে ভিতরের ত্রিভুজে দাগ দেয়া নাই, পরেরটিতে দাগ দেয়া, এর পরের ভিতরের আয়তে দাগ দেয়া নাই, তাই পরের টাতে দাগ দেয়া হবে। উত্তর : ২

**Question 113: P** এবং **Q** দুই ভাই। **R** এবং **S** দুই বোন। **P-**এর ছেলে হলো **S-**এর ভাই। তাহলে **Q** হলো **R-**এর **-**
A. পুত্র
B. ভাই
C. পিতা

D. চাচা

**Answer**: চাচা

**Explanation**: যেহেতু P এর ছেলে S এর ভাই তাই R এবং S হচ্ছে P এর দুই মেয়ে, তাই P এর ভাই R এর চাচা।

**Question 114:** স্টেপলারের সাথে যেমন স্টেপল, সুচের সাথে তেমন -
A. ছিদ্র
B. কাপড়
C. সেলাই মেশিন
D. সুতা

**Answer**: সুতা

**Explanation**: স্টেলার এরকাঁচামাল যেমন স্টেপল বা পিন। সূচের ক্যাচামাল তেমনি সুতা।

**Question 115: 165135** যদি **Peace** হয়, তবে **1215225 -**
A. Lead
B. Castle
C. Loop
D. Love

**Answer**: Love

**Explanation**: 1 6 5 1 3 5
PEACE
এখানে এলফাবেটের ক্রমকে সংখ্যা ধরা হয়
1 2 1 5 2 2 5 কোন অপশনেই A প্রথমে নাই তাই শুধু 1 হবে 12 নিতে হবে এই ক্রমে বসালে
12 15 22 5 LOVE

**Question 116:** নিচের চিত্রে মোট কতটি ত্রিভুজ আছে**? ->15.PNG**
A. ১০টি
B. ১২টি
C. ১৪টি
D. ১৬টি

**Answer**: ১৬টি

**Explanation**: যদি ত্রিভুজের ভিতরে তিনটি সরলরেখা একটি বিন্দুতে ছেদ করে তাহলে ৬টি ছোট ত্রিভুজ উৎপন্ন হবে। আবার ২টি করে মোট ছোট ৬ টি। অর্থাৎ ১৬টি।

**Question 117**: ভারসাম্য রক্ষা করতে নিচের চিত্রের বামদিকে কত ওজন রাখতে হবে**? -> 16.PNG**
A. ৪ কেজি
B. ১০ কেজি
C. ৮ কেজি
D. ৬ কেজি

**Answer**: ৬ কেজি

**Explanation**: ডানদিকে ওজনের পরিমাণ ৪ মিটারের জন্য ৬ কেজি। সুতরাং বামদিকে ওজনের পরিমাণ ৩ মিটারের জন্য ৮ কেজি। যেহেতু , যান্ত্রিকি সুবিধা =
ভ
া
র
ব
ল
 = বল বাহুর দৈর্ঘ্য / ভার বাহুর দৈর্ঘ্য

**Question 118**: ২০১৮ সালের ১২ জানুয়ারি শুক্রবার হলে**,** একই বছরের ১৭ মার্চ কী বার ছিল**?**
A. শুক্রবার
B. সোমবার
C. বৃহস্পতিবার
D. শনিবার

**Answer**: শনিবার

**Explanation**: ১২ জানুয়ারি শুক্রবার হলে, ১৯ এবং ২৬ জানুয়ারি শুক্রবার। ৩১ জানুয়ারি বুধবার I ১ , ৮, ১৫ , ২২ ফেব্রুয়ারি বৃহস্পতিবার , ১, ৮, ১৫ মার্চ বৃহস্পতিবার তাহলে ১৭ মার্চ শনিবার।

**Question 119**: ৫**,** ৭**,** ১০**,** ১৪**, .........** ২৫ ধারার শূন্যস্থানের সংখ্যাটি কত**?**
A. ১৭
B. ১৮
C. ২১

D. ১৯

**Answer**: ১৯

**Explanation**: ৫ থেকে ৭, ২, পার্থক্য
৭ থেকে ১০, ৩ পার্থক্য
১০ থেকে ১৪, ৪ পার্থক্য
তাহলে এরপর ৫ পার্থক্য হবে অর্থাৎ ১৪ + ৫ = ১৯

**Question 120: "MEMORY" শব্দটির আয়নার প্রতিবিম্ব কোনটি? -> 17.PNG**
A. ক
B. ঘ
C. গ
D. খ

**Answer**: খ

**Explanation**: MEMORY" শব্দটির আয়নার প্রতিবিম্ব YROMEM

**Question 121: প্রশ্ন-চিহ্নিত স্থানে কোন সংখ্যা বসবে? -> 18.PNG**
A. ৬৪
B. ৬৬
C. ৭২
D. ৬৮

**Answer**: ৬৮

**Explanation**: এখানে, ১ম ত্রিভুজে = (৮ × ৪) + ৭ = ৩২ + ৭ = ৩৯ ২য় ত্রিভুজে = (৩ × ৬) + ৯ = ১৮ + ৯ = ২৭ ৩য় ত্রিভুজে = (৭ × ৯) + 5 = 63 + ৫ = ৬৮

**Question 122: কোনো কিছুর কারণ জানতে হলে আমরা ইংরেজিতে যে প্রশ্ন করি তা সাধারণত কোন শব্দটি দিয়ে শুরু হয়?**
A. how
B. what
C. who
D. why

Medha

**Answer**: why

**Explanation**: why বলতে কেন বুঝায়, কোন কিছুর কারণ জানতে আমরা why বলি।

**Question 123:** নিম্নের কোন গুচ্ছের শব্দগুলো বর্ণনানুক্রমিকভাবে সাজানো রয়েছে**?**
A. নিম্নোক্ত, নিদর্শন, নিরাসক্ত, নিরাময়, নিষ্ক্রিয়, নিসর্গ
B. নিদর্শন, নিরাসক্ত, নিষ্ক্রিয়, নিসর্গ, নিম্নোক্ত, নিরাময়
C. নিষ্ক্রিয়, নিসর্গ, নিম্নোক্ত, নিদর্শন, নিরাসক্ত, নিরাময়
D. নিদর্শন, নিম্নোক্ত, নিরাময়, নিরাসক্ত, নিষ্ক্রিয়, নিসর্গ

**Answer**: নিদর্শন, নিম্নোক্ত, নিরাময়, নিরাসক্ত, নিষ্ক্রিয়, নিসর্গ

**Explanation**: দ-ম-র-র-ষ-স

**Question 124:** যদি **PLAY-**এর কোড ৮১২৩ এবং **RHYME-**এর কোড ৪৯৩৬৭ হয়**,** তাহলে **MALE-**এর কোড হবে**—**
A. ৬৩২৩
B. ৬১৯৮
C. ৬২৮৫
D. ৬২১৭

**Answer**: ৬২১৭

**Explanation**: M = 6, A = 2, L = 1, E = 7

**Question 125:** এই সিরিজটিতে পরের সংখ্যাটি কত**?** ৩ ৫ ৮ ১৩ ২১
A. ২৪
B. ২৬
C. ২৯
D. ৩৪

**Answer**: ৩৪

**Explanation**: ৫ + ৩= ৮
৮+ ৫ = ১৩
১৩ + ৮ =২১
২১ + ১৩ = ৩৪

Medha

**Question 126:** একটি দেয়ালঘড়িতে যখন ৩টা বাজে তখন ঘন্টার কাঁটা যদি পূর্বদিকে থাকে তবে মিনিটের কাঁটা কোন দিকে থাকবে**?**

A. পূর্ব

B. পশ্চিম

C. দক্ষিণ

D. উত্তর

**Answer**: উত্তর

**Explanation**: যদি দেওয়ালঘড়িতে ৩টা বাজে এবং ঘন্টার কাঁটা পূর্বদিকে নির্দেশ করে, তাহলে আমরা জানি যে মিনিটের কাঁটা ১২-তে থাকবে। ঘড়ির হিসেবে, ১২টি অবস্থান সবসময় উত্তরদিক নির্দেশ করে। তাহলে, ঘন্টার কাঁটা পূর্বদিকে থাকলে, মিনিটের কাঁটা উত্তরদিকে থাকবে।

**Question 127: UNESCO** কত তারিখে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দেয়**?**

A. ১৮ নভেম্বর ১৯৯৯

B. ২০ নভেম্বর ২০০১

C. ১৯ নভেম্বর ২০০১

D. ১৭ নভেম্বর ১৯৯৯

**Answer**: ১৭ নভেম্বর ১৯৯৯

**Explanation**: ইউনেস্কো ১৯৯৯ সালের ১৭ নভেম্বর ২১ শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দিয়েছে। ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি মায়ের ভাষাকে রক্ষার জন্য রাজপথে আন্দোলন হয় এবং পাকিস্তান সরকার বাহিনীর গুলিতে সালাম, বরকত, জব্বার সহ অনেকে শহীদ দেন। মায়ের ভাষার এমন বিরল দৃষ্টান্ত এর জন্য ইউনেস্কো এর ৩০ তম অধিবেশন এ ফ্রান্সের প্যারিসে বাংলাকে আন্তর্জাতিক মাতৃভাষার মর্যাদা দিয়েছিল।

**Question 128:** বাংলাদেশের সংবিধানের রক্ষক কে**?**

A. জাতীয় সংসদ

B. শাসন বিভাগ

C. আইন মন্ত্রণালয়

D. সুপ্রিম কোর্ট

**Answer**: সুপ্রিম কোর্ট

Medha

**Explanation**: সংবিধান হলো বাংলাদেশের সর্বোচ্চ আইন। সংবিধানের ৯৪নং অনুচ্ছেদে সুপ্রিম কোর্ট প্রতিষ্ঠার কথা বলা হয়েছে এবং ১০৬ অনুচ্ছেদে বলা হয়েছে আইনের প্রশ্নে কোনো ব্যাখ্যার দরকার হলে রাষ্ট্রপতি সুপ্রিম কোর্টের শরণাপন্ন হবেন। তাই বলা যায়, বাংলাদেশে সংবিধানের অভিভাবক, রক্ষক বা ব্যাখ্যাকারক সুপ্রিম কোর্ট।

**Question 129**: বাংলার সর্বপ্রাচীন জনপদের নাম কী**?**
A. হরিকেল
B. তাম্রলিপ্ত
C. গৌড়
D. পুণ্ড্র

**Answer**: পুণ্ড্র

**Explanation**: প্রাচীন সভ্যতার নিদর্শনের দিক থেকে পুণ্ড্রই ছিল প্রাচীন বাংলার সবচেয়ে প্রাচীন ও সমৃদ্ধ জনপদ। পুণ্ড্র রাজ্যের রাজধানী ছিল পুণ্ড্রনগর যা বর্তমানে মহাস্থানগড় নামে পরিচিত, এটি বর্তমানে বাংলাদেশের বগুড়ায় অবস্থিত।

**Question 130**: বাংলাদেশের বৃহত্তর ঢাকা জেলা প্রাচীনকালে কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল**?**
A. সমতট
B. পুণ্ড্র
C. হরিকেল
D. বঙ্গ

**Answer**: বঙ্গ

**Explanation**: বঙ্গ - বাংলাদেশের পূর্ব ও দক্ষিণ-পূর্ব অংশ, ঢাকা ময়মনসিংহ, পটুয়াখালী, ফরিদপুর ও বরিশাল।
সমতট - বৃহত্তর কুমিল্লা, বৃহত্তর নোয়াখালী।
পুণ্ড্র - বগুড়া, রংপুর, রাজশাহী, দিনাজপুর।
হরিকেল - সিলেট, চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম।

**Question 131**: বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে কতজন মুক্তিযোদ্ধাকে 'বীর বিক্রম' খেতাবে ভূষিত করা হয়**?**
A. ৭ জন
B. ৬৮ জন
C. ৪২৬ জন
D. ১৭৫ জন

**Answer**: ১৭৫ জন

**Explanation**: বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে অবদানকারী বিশেষ বিশেষ মুক্তিযোদ্ধাদেরকে তাদের অবদানের ভিত্তিতে বাংলাদেশ সরকার বীরশ্রেষ্ঠ, বীর উত্তম, বীর বিক্রম ও বীরপ্রতীক উপাধিতে ভূষিত করেন। বীরবিক্রম তৃতীয় সর্বোচ্চ উপাধি। মোট ১৭৫ জনকে এই উপাধিতে ভূষিত করা হয়।

**Question 132:** মুজিবনগর সরকারের ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী কে ছিলেন**?**

A. তাজউদ্দিন আহমেদ
B. এম মনসুর আলী
C. সৈয়দ নজরুল ইসলাম
D. এ এইচ এম কামরুজ্জামান

**Answer**: এ এইচ এম কামরুজ্জামান

**Explanation**: ১০ এপ্রিল ১৯৭১ সালে বাংলাদেশের প্রথম সরকার অর্থাৎ মুজিবনগর সরকার গঠিত হয়। এই সরকারের রাষ্ট্রপতি নিযুক্ত হন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তিনি না থাকাই অস্থায়ী রাষ্ট্রপতি হন সৈয়দ নজরুল ইসলাম, প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমেদ। ত্রান ও পুনর্বাসন মন্ত্রী - এ.এইচ.এম কামারুজ্জামান।

**Question 133:** কোন শাসকদের আমলে বাংলাভাষী অঞ্চল 'বাঙ্গালা' নামে পরিচিত হয়ে ওঠে**?**

A. মৌর্য
B. গুপ্ত
C. পাল
D. মুসলিম

**Answer**: মুসলিম

**Explanation**: স্বাধীন সুলতানি শাসন ১৩৩৮–১৫৩৮ সাল পর্যন্ত বিস্তৃত ছিল। এই সময় বাঙলায় মুসলিম শাসন প্রতিষ্ঠিত ছিল। শামসউদ্দিন ইলিয়াস শাহ ১৩৫২ সালে পুরো বাংলা অধিকার করেন। তার সময় থেকেই 'বাঙ্গালা' নামটি শুরু হয়।

**Question 134:** বাংলার প্রথম স্বাধীন নবাব কে ছিলেন**?**

A. শশাঙ্ক
B. আব্বাস আলী মীর্জা
C. সিরাজউদ্দৌলা
D. মুর্শিদ কুলি খান

**Answer**: মুর্শিদ কুলি খান

Medha

**Explanation**: মুঘল সম্রাট কর্তৃক নিযুক্ত বাংলার শেষ সুবেদার ছিলেন মুর্শিদ কুলী খান। পরবর্তীতে তিনি বাংলার সুবেদার নিযুক্ত হন ১৭১৭ সালে। তাঁর উপাধি ছিল জাফর খান। তিনিই বাংলার প্রথম স্বাধীন নবাব। শশাঙ্ক ছিলেন বাংলার প্রথম স্বাধীন ও সার্বভৌম রাজা। সিরাজউদ্দৌল্লা ছিলেন বাংলার শেষ স্বাধীন নবাব।

**Question 135:** চীনদেশের কোন ভ্রমণকারী গুপ্তযুগে বাংলাদেশে আগমন করেন**?**
A. হিউয়েন সাং
B. এদের সকলেই
C. আই সিং
D. ফা হিয়েন

**Answer**: ফা হিয়েন

**Explanation**: ফা-হিয়েন পাঁচ শতকের সূচনায় তিনি ভারত ভ্রমণ করেন। এ সময় বাংলায় গুপ্ত যুগের শাসনামল ছিল। হিউয়েন-সাং ৬৩৮ খ্রিষ্টাব্দের দিকে বাংলায় আসেন। সে সময় উত্তর ভারতে হর্ষবর্ধন, বাংলায় শশাঙ্ক এবং আসামে ভাস্করবর্মণ শাসন করেছিলেন।

**Question 136:** কোনো নাগরিকের মৌলিক অধিকার লঙ্ঘিত হলে সংবিধানের কোন অনুচ্ছেদের বিধান অনুযায়ী তিনি মামলা করতে পারেন**?**
A. ৪৪
B. ৪৭
C. ১০৩
D. ১০২

**Answer**: ১০২

**Explanation**: মৌলিক অধিকারবঞ্চিত হলে উচ্চ আদালতে রিট করার অধিকার রয়েছে। যদি কোনো কারণে মৌলিক অধিকার থেকে কেউ বঞ্চিত হয়, তাহলে এ ক্ষেত্রে সংক্ষুব্ধ ব্যক্তি সংবিধানের ১০২ অনুচ্ছেদ অনুযায়ী হাইকোর্ট বিভাগে রিট আবেদন করার অধিকার রয়েছে।

**Question 137:** বাংলাদেশের সরকার পদ্ধতি**-**
A. রাষ্ট্রপতিশাসিত
B. যুক্তরাষ্ট্রীয়
C. রাজতন্ত্র
D. এককেন্দ্রিক

**Answer**: এককেন্দ্রিক

**Explanation**: বাংলাদেশের বর্তমান সরকার ব্যবস্থা সংসদীয় পদ্ধতির। এই পদ্ধতিতে প্রধানমন্ত্রীর হাতে সরকারের প্রধান ক্ষমতা ন্যস্ত থাকে। প্রধানমন্ত্রী হলো সরকারের মধ্যমণি। বহুদলীয় গণতন্ত্র পদ্ধতিতে এখানে জনগণের সরাসরি ভোটে জাতীয় সংসদের সদস্যরা নির্বাচিত হন।

**Question 138: BSTI-**এর পূর্ণ অভিব্যক্তি কী**?**
A. Bangladesh Salt Testing Institute
B. Bangladesh Strategic Training Institute
C. Bangladesh Society for Telecommunication and Information
D. Bangladesh Standards and Testing Institution

**Answer**: Bangladesh Standards and Testing Institution

**Explanation**: BSTI - এর পূর্ণরূপ হল - - Bangladesh Standard and testing Institute. এটি প্রতিষ্ঠিত হশ ১৯৮৫ সালে।

**Question 139:** বঙ্গভঙ্গের কারণে কোন নতুন প্রদেশ সৃষ্টি হয়েছিল**?**
A. পূর্ববঙ্গ ও বিহার
B. পূর্ববঙ্গ ও পশ্চিমবঙ্গ
C. পূর্ববঙ্গ ও উড়িষ্যা
D. পূর্ববঙ্গ ও আসাম

**Answer**: পূর্ববঙ্গ ও আসাম

**Explanation**: ব্রিটিশ সরকারের শাসন করার নীতি ছিল ‘বিভেদ ও শাসন নীতি’ (Divide and Rule Policy)। এই নীতির ফলশ্রুতিতে লর্ড কার্জন ১৯০৫ সালে ১৬ অক্টোবর বাংলা প্রদেশকে ভাগ করে দুটি প্রদেশ গঠন করে ইতিহাসে যা বঙ্গভঙ্গ নামে পরিচিত। বঙ্গভঙ্গের ফলে পূর্ববঙ্গ ও আসাম নামে দুটি নতুন প্রদেশের সৃষ্টি হয়।

**Question 140:** ‘তমদ্দুন মজলিশ' কে প্রতিষ্ঠা করেন**?**
A. হাজী শরিয়ত উল্লাহ
B. শেরে বাংলা এ কে ফজলুল হক
C. মাওলানা আবদুল হামিদ খান ভাসানী
D. আবুল কাশেম

**Answer**: আবুল কাশেম

Medha

**Explanation**: তমদ্দুন মজলিসের প্রতিষ্ঠাতা প্রিন্সিপাল আবুল কাশেম। ভারত বিভাগের পরপরই ১৯৪৭ সালের ১লা সেপ্টেম্বরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক আবুল কাশেম ঢাকায় তমদ্দুন মজলিস প্রতিষ্ঠা করেন।

**Question 141: 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি' গানটি কে রচনা করেন?**

A. মুনীর চৌধুরী
B. জহির রায়হান
C. কাজী নজরুল ইসলাম
D. আবদুল গাফফার চৌধুরী

**Answer**: আবদুল গাফফার চৌধুরী

**Explanation**: 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি' গানটির রচয়িতা আবদুল গাফফার চৌধুরী। প্রথম সুরকার আব্দুল লতিফ, বর্তমান সুরকার আলতাফ মাহমুদ। আবদুল গাফফার চৌধুরী ১৯ মে, ২০২২ সালে মৃত্যুবরণ করেন।

**Question 142: কোন দেশ বাংলা ভাষাকে তাদের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দিয়েছে?**

A. লাইবেরিয়া
B. নামিবিয়া
C. হাইতি
D. সিয়েরা লিওন

**Answer**: সিয়েরা লিওন

**Explanation**: বাংলাদেশ শান্তিরক্ষী মিশনের সদস্যদের অনুপ্রেরণায় ২০০২ সালের ১২ ডিসেম্বর আমাদের ভাষা আন্দোলনের সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে সিয়েরা লিওন বাংলা ভাষাকে তাদের অন্যতম সরকারি ভাষা হিসেবে ঘোষণা দেয়।

**Question 143: বাংলাদেশের ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংখ্যা-**

A. ২০
B. ৩২
C. ২৫
D. ৪৮

**Answer**: ৪৮

**Explanation**: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়-২০১৯ অনুযায়ী বাংলাদেশের ক্ষুদ্র নৃ গোষ্ঠীর সংখ্যা মোট ৫০টি। ২০১৯ সালের আগে প্রকাশিত গেজেট অনুযায়ী ৪৮টি। আদিবাসী ফোরামের তথ্যমতে ৪৫টি। জনশুমারি ২০২২ এর প্রাথমিক ফলাফল অনুযায়ী ৫০টি।

**Question 144:** নিম্নের কোন পত্রিকাটির প্রকাশনা উপলক্ষ্যে রবীন্দ্রনাথ ঠাকুর আশীর্বাণী পাঠিয়েছিলেন**?**
A. সবুজপত্র
B. শনিবারের চিঠি
C. কল্লোল
D. ধূমকেতু

**Answer**: ধূমকেতু

**Explanation**: ধূমকেতু কাজী নজরুল ইসলাম সম্পাদিত একটি অর্ধ-সাপ্তাহিক পত্রিকা, যা ১৩২৯ বঙ্গাব্দের ২৬ শ্রাবণ (১৯২২ সালের ১১ আগস্ট) প্রথম প্রকাশিত হয়। পত্রিকাটি শুরুতে ফুলস্কেপ কাগজের চার পৃষ্ঠায় মুদ্রিত হতো এবং পরে আট পৃষ্ঠায় মুদ্রিত হতো। পত্রিকাটির সর্বশেষ সংস্করণ ১৯২৩ সালের মার্চ মাসে প্রকাশিত হয়েছিল। এর প্রথম সংখ্যায় নজরুলের কবিতা 'ধূমকেতু' প্রকাশিত হয়। এই পত্রিকাকে আশীর্বাদ করে রবীন্দ্রনাথ ঠাকুর লিখেছিলেন, "কাজী নজরুল ইসলাম কল্যাণীয়েষু, আয় চলে আয়রে ধূমকেতু। আঁধারে বাঁধ অগ্নিসেতু, দুর্দিনের এই দুর্গশিরে উড়িয়ে দে তোর বিজয় কেতন।" পত্রিকার প্রথম পাতার শীর্ষে এই বাণী লিখা থাকতো।

**Question 145:** বাংলাদেশের জাতীয় প্রতীকে কয়টি তারকা আছে**?**
A. ২টি
B. ৩টি
C. ৫টি
D. ৪টি

**Answer**: ৪টি

**Explanation**: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান ৪(৩) অনুচ্ছেদ অনুসারে প্রজাতন্ত্রের জাতীয় প্রতীকে উভয় পাশে ধানের শীষবেষ্টিত পানিতে ভাসমান জাতীয় ফুল শাপলা, তাহার শীর্ষদেশে পাটগাছের আট পরস্পর সংযুক্ত পাতা, তাহার উভয় পাশে দুইটি করে মোট চারটি তারকা থাকবে।

**Question 146:** বাঙালির মুক্তির সনদ 'ছয় দফা' কোন তারিখে আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়েছিল**?**
A. ২১ ফেব্রুয়ারি ১৯৫৪
B. ২২ মার্চ ১৯৫৮
C. ২০ এপ্রিল ১৯৬২
D. ২৩ মার্চ ১৯৬৬

**Answer**: ২৩ মার্চ ১৯৬৬

**Explanation**: ১৯৬৬ সালের ৫ ও ৬ ফেব্রুয়ারি পাকিস্তানের লাহোরে অনুষ্ঠিত বিরোধী রাজনৈতিক দলগুলোর এক সম্মেলনে আওয়ামী লীগের পক্ষ থেকে শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে '৬ দফা দাবি' পেশ করেন। ২৩ ফেব্রুয়ারি শেখ মুজিবুর রহমান বিরোধীদলীয় সম্মেলনে ৬ দফা পেশ করেন। ২৩ মার্চ আনুষ্ঠানিকভাবে ছয় দফা উত্থাপন করা হয় লাহোর প্রস্তাবের সাথে মিল রেখে। প্রতি বছর ৭ জুন বাংলাদেশে '৬ দফা দিবস' পালন করা হয়।

**Question 147**: **'**এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম**,** এবারের সংগ্রাম স্বাধীনতার গ্রাম**' -** জাতির পিতা কবে এই ঘোষণা দেন**?**
A. ২৬ মার্চ ১৯৭১
B. ১৬ ডিসেম্বর ১৯৭১
C. ৩ মার্চ ১৯৭১
D. ৭ মার্চ ১৯৭১

**Answer**: ৭ মার্চ ১৯৭১

**Explanation**: ৭ মার্চ, ১৯৭১ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তৎকালীন ঢাকার রেসকোর্স ময়দানে জাতির উদ্দেশ্যে ভাষণ দেন। সেই ভাষণেই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেছিলেন 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'।

**Question 148**: বাংলাদেশে জুম চাষ কোথায় হয়**?**
A. দিনাজপুর
B. ময়মনসিংহ
C. রাজশাহী
D. বান্দরবান

**Answer**: বান্দরবান

**Explanation**: জুম চাষ হলো এক ধরনের স্থানান্তরিত কৃষিপদ্ধতি। কোন স্থানে জঙ্গল কেটে পুড়িয়ে চাষ করা হয়। আবার সেখানে উর্বরতা কমে গেলে অন্য জায়গায় একইভাবে চাষ করা হয়। এটাই জুম চাষ। পার্বত্য তিন জেলায় জুম চাষ করা হয়। বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি।

**Question 149**: বাংলাদেশের কোন জেলায় সবচেয়ে বেশি চা বাগান রয়েছে**?**
A. চট্টগ্রাম
B. সিলেট

C. পঞ্চগড়
D. মৌলভীবাজার

**Answer**: মৌলভীবাজার

**Explanation**: সর্বপ্রথম বাণিজ্যিকভাবে চা বাগান প্রতিষ্ঠিত হয় সিলেটের মালনীছড়ায় ১৮৫৪ সালে। বাংলাদেশে বর্তমানে ১৬৭টি চা বাগান রয়েছে। সবচেয়ে বেশি (৯১টি) চা বাগান মৌলভীবাজারে অবস্থিত।

**Question 150: '**ধর্মীয় স্বাধীনতা**'** বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে অন্তর্ভুক্ত**?**
A. অনুচ্ছেদ ৩৮
B. অনুচ্ছেদ ৫০
C. অনুচ্ছেদ ১০০
D. অনুচ্ছেদ ৪১

**Answer**: অনুচ্ছেদ ৪১

**Explanation**: অনুচ্ছেদ ৪১: ধর্মীয় স্বাধীনতা। অনুচ্ছেদ ৩৮: সংগঠনের স্বাধীনতা। অনুচ্ছেদ ৫০: রাষ্ট্রপতির মেয়াদ। অনুচ্ছেদ ১০০: সুপ্রীম কোর্টের আসন।

**Question 151:** বাংলাদেশে প্রথম আদমশুমারি **(**জনগণনা**)** কবে অনুষ্ঠিত হয়**?**
A. ১৯৭২ সালে
B. ১৯৭৩ সালে
C. ১৯৭৫ সালে
D. ১৯৭৪ সালে

**Answer**: ১৯৭৪ সালে

**Explanation**: বাংলাদেশে প্রথম আদমশুমারি (জনগণনা) অনুষ্ঠিত হয় ১৯৭৪ সালে। সর্বশেষ ষষ্ঠ আদমশুমারি (জনশুমারি ও গৃহগণনা) অনুষ্ঠিত হয় ১৫-২১ জুন, ২০২২।

**Question 152:** বাংলাদেশের জিডিপি **(GDP)-**তে কোন খাতের অবদান সবচেয়ে বেশি**?**
A. কৃষি
B. শিল্প
C. বাণিজ্য
D. সেবা

**Answer**: সেবা

Medha

**Explanation**: বাংলাদেশের GDP এর প্রধান খাত সেবা খাত। GDP তে সেবা খাতের অবদান ৫১.৪৪%। শিল্প খাতের অবদান ৩৭.০৭%। কৃষি খাতের অবদান ১১.৫০%।

**Question 153:** ২০২০-২০২১ অর্থবছরে জিডিপি **(GDP)** প্রবৃদ্ধির হার কত**?**

A. ৫.৬৮%
B. ৯.৯৪%
C. ৭.৬৬%
D. ৬.৯৪%

**Answer**: ৬.৯৪%

**Explanation**: ভিত্তিবছর ২০১৫-১৬ ধরে ৮ ফেব্রুয়ারি, ২০২২ বাংলাদেশে পরিসংখ্যান ব্যুরো (BBS) ২০২০-২১ অর্থবছরের চূড়ান্ত GDP'র খাতওয়ারি অবদান ও প্রবৃদ্ধির হার এবং মাথাপিছু আয় প্রকাশ করে। এ হিসাব অনুযায়ী জিডিপি প্রবৃদ্ধির হার ৬.৯৪%। উল্লেখ্য যে, অর্থনৈতিক সমীক্ষা ২০২২ অনুযায়ী জিডিপি প্রবৃদ্ধির হার ৭.২৫%।

**Question 154:** বিশ্বব্যাংক কবে বাংলাদেশকে নিম্ন-মধ্যম আয়ের দেশ হিসেবে তালিকাভুক্ত করে**?**

A. ১ জুন ২০১৪
B. ১ জুন ২০১৫
C. ১ জুলাই ২০১৬
D. ১ জুলাই ২০১৫

**Answer**: ১ জুলাই ২০১৫

**Explanation**: যেসব দেশের মাথাপিছু আয় ১ হাজার ৪৬ ডলার থেকে শুরু করে ৪ হাজার ১২৫ পর্যন্ত সেসব দেশকে নিম্ন মধ্যম আয়ের দেশের তালিকায় রাখে বিশ্বব্যাংক। ১ জুলাই, ২০১৫ বাংলাদেশের মাথাপিছু আয় এই নিম্নসীমা অতিক্রম করায় বিশ্বব্যাংক বাংলাদেশকে নিম্ন মধ্যম আয়ের দেশ হিসেবে তালিকাভুক্ত করে।

**Question 155:** বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ কী ধরণের স্যাটেলাইট হবে**?**

A. কমিউনিকেশন স্যাটেলাইট
B. ওয়েদার স্যাটেলাইট
C. ন্যাভিগেশন স্যাটেলাইট
D. আর্থ অবজারভেশন স্যাটেলাইট

**Answer**: আর্থ অবজারভেশন স্যাটেলাইট

**Explanation**: বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ হবে আর্থ অবজারভেশন স্যাটেলাইট। এটি ভূপৃষ্ঠ থেকে ৩০০ থেকে ৪০০ কিলোমিটারের মধ্যে অবস্থান করবে। এই স্যাটেলাইটটি আবহাওয়া নজরদারি বা নিরাপত্তা সংক্রান্ত কাজে ব্যবহৃত হবে।

**Question 156:** বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনার **(Perspective Plan)** সময়সীমা কত**?**

A. ২০২১-২০৩০
B. ২০২৪-২০৩২
C. ২০২২-২০৫০
D. ২০২১-২০৪১

**Answer**: ২০২১-২০৪১

**Explanation**: ২৫ ফেব্রুয়ারি, ২০২০ জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) এ দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা গৃহীত হয়। এর মেয়াদ ২০২১-২০৪১। এটি তৈরি করেছে সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি) এর উদ্দেশ্য হলো দারিদ্র্য দূরীকরণ, সুশাসন সুসংহতকরণ এবং বাংলাদেশকে উন্নত ও সমৃদ্ধিশালী দেশ হিসেবে বিশ্বের বুকে আত্মপ্রকাশ করা। উল্লেখ্য, প্রথম প্রেক্ষিত পরিকল্পনার মেয়াদকাল ছিলো: ২০১০-২০২১।

**Question 157:** কোন দেশ থেকে **'**আরব বসন্ত**'-**এর সূচনা হয়**?**

A. মিশর
B. সিরিয়া
C. লিবিয়া
D. তিউনিশিয়া

**Answer**: তিউনিশিয়া

**Explanation**: ২০১০ সালের ১৭ ডিসেম্বর তিউনিশিয়ার রাজধানী তিউনিশে মোঃ বুয়াজ্জিজি নামে ২৬ বছরের এক ফল বিক্রেতা প্রশাসনের দুর্নীতি আর বেকারত্বের জীবনে ক্ষুব্ধ হয়ে নিজের গায়ে কেরোসিন ঢেলে আগুন ধরিয়ে দিলে গণবিক্ষোভ শুরু হয়। এর ২৭ দিনের মাথায় স্বৈরশাসক জয়নুল আবেদিন বেন আলীর পতনের মাধ্যমে আরব বসন্তের সূচনা হয়।

**Question 158:** কোন সালে রাশিয়া ক্রিমিয়া দখল করে**?**

A. ২০১০
B. ২০১২
C. ২০১৬
D. ২০১৪

**Answer**: ২০১৪

**Explanation**: ক্রিমিয়া সাবেক সোভিয়েত ইউনিয়নের অন্তর্ভুক্ত একটি অঞ্চল ছিল। ১৯৫৪ সালে সাবেক সোভিয়েত নেতা নিকিতা ক্রুশ্চেভ ক্রিমিয়া উপদ্বীপটি উপহার হিসেবে ইউক্রেনকে লিখে দেন। পরবর্তীতে ক্রিমিয়া নিয়ে রাশিয়া ও ইউক্রেনের মধ্যে যুদ্ধ সংঘটিত হয় এবং ১৮ই মার্চ ২০১৪ সালে রাশিয়া ইউক্রেনের নিকট হতে ক্রিমিয়া উপদ্বীপকে দখল করে নেয়।

**Question 159:** কোন দেশটি ভেনিজুয়েলার প্রতিবেশী রাষ্ট্র নয়**?**
A. গায়ানা
B. কলাম্বিয়া
C. ব্রাজিল
D. বলিভিয়া

**Answer**: বলিভিয়া

**Explanation**: দক্ষিণ আমেরিকার সমাজতান্ত্রিক দেশ ভেনিজুয়েলা। এর রাজধানী কারাকাস। বর্তমান বিশ্বের সবচেয়ে মুদ্রাস্ফীতির দেশ ভেনিজুয়েলা। এর প্রতিবেশি দেশ হলো গায়ানা, কলম্বিয়া, ব্রাজিল। বলিভিয়া ভেনিজুয়েলার প্রতিবেশি রাষ্ট্র নয়।

**Question 160:** 'নেকড়েযোদ্ধা কূটনীতি' কোন দেশের সাথে সংশ্লিষ্ট**?**
A. ভিয়েতনাম
B. উত্তর কোরিয়া
C. রাশিয়া
D. চীন

**Answer**: চীন

**Explanation**: আক্রমণ করার পূর্বেই আক্রমণ, চীনের আগ্রাসী কূটনৈতিক আচরণ যা Wolf Warrior Diplomacy বা নেকড়ে যোদ্ধা কূটনীতি হিসেবে পরিচিত। চীনা পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ঈ চীনের ওপর পশ্চিমা কূটনৈতিক আক্রমণের বিরুদ্ধে আগ্রাসী জবাব দেয়ার জন্য তার অধঃস্তনদের উদ্দীপ্ত করতে চীনা নেকড়ে যোদ্ধা সিনেমার কথা খেয়াল রেখে তার মতো Wolf Warrior হতে বলেছিলেন।

**Question 161:** নিচের কোন দেশটি **ASEAN** জোটভুক্ত নয়**?**
A. লাওস
B. কম্বোডিয়া
C. ভিয়েতনাম
D. হংকং

Medha

**Answer**: হংকং

**Explanation**: ১৯৬৭ সালের ৮ই আগস্ট দক্ষিণ-পূর্ব এশিয়ার রাজনৈতিক ও অর্থনৈতিক সংস্থা ASEAN (Association of South-East Asian Nations) গঠিত হয়। এর সদর দপ্তর জাকার্তা, ইন্দোনেশিয়া। এর বর্তমান সদস্য ১০টি। যথা: ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, ফিলিপাইন, সিঙ্গাপুর, থাইল্যান্ড, ব্রুনাই, কম্বোডিয়া, লাওস, ভিয়েতনাম ও মিয়ানমার। (মনে রাখার কৌশল– MTV এর FILM দেখলে BCS পাস করা যায়।)

**Question 162**: নিচের কোন দেশটি ডি-৮ এর সদস্য নয়?

A. মালয়েশিয়া
B. ইরান
C. মিশর
D. জর্ডান

**Answer**: জর্ডান

**Explanation**: মুসলিম উন্নয়নশীল দেশগুলোর জোট ডি-৮ (Developing-8)। তুরস্কের সাবেক প্রধানমন্ত্রী নাজিমউদ্দিন এরবাকান এর উদ্যোগে ১৯৯৭ সালে ইস্তাম্বুলে ডি-৮ প্রতিষ্ঠিত হয়। এর সদস্য দেশ ৮টি। যথা: বাংলাদেশ, পাকিস্তান, মালয়েশিয়া, নাইজেরিয়া, ইরান, তুরস্ক, মিশর ও ইন্দোনেশিয়া।

**Question 163**: **World Economic Forum-** এর বাৎসরিক অধিবেশন কোথায় অনুষ্ঠিত হয়?

A. প্যারিস
B. জুরিখ
C. বার্ন
D. দাভোস

**Answer**: দাভোস

**Explanation**: World Economic Forum ১৯৭১ সালের ২৪ জানুয়ারি জার্মান প্রকৌশলী ও অর্থনীতিবিদ Claus Schwab কর্তৃক প্রতিষ্ঠিত হয়। প্রতিবছর সুইজারল্যান্ডের পর্বতময় এলাকা দাভোসে এর বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়। ২০১৫ সালে WEF এর সম্মেলনে ৪র্থ শিল্প বিপ্লব এর ধারণা দেয়া হয়।

**Question 164**: 'তাসখন্দ চুক্তি' কোন দুটি রাষ্ট্রের মধ্যে স্বাক্ষরিত হয়?

A. পাকিস্তান ও আফগানিস্তান
B. ভারত ও আফগানিস্তান
C. আফগানিস্তান ও সোভিয়েত ইউনিয়ন
D. পাকিস্তান ও ভারত

Medha

**Answer**: পাকিস্তান ও ভারত

**Explanation**: তাসখন্দ চুক্তি হলো ভারতের প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রী এবং পাকিস্তানের রাষ্ট্রপতি আইয়ুব খান এর মধ্যে স্বাক্ষরিত একটি শান্তি চুক্তি। ঐতিহাসিক এই চুক্তির ফলে ১৯৬৫ সালের পাকিস্তান ও ভারতের মধ্যে রক্তক্ষয়ী ১৭ দিনের যুদ্ধের অবসান ঘটে। তাসখন্দ চুক্তি সম্পাদিত হয় ১০ জানুয়ারি, ১৯৬৬। চুক্তিটি রাশিয়ার প্রধানমন্ত্রী আলেক্সি কোসিগিনির মধ্যস্থতায় সম্পন্ন হয়।

**Question 165:** প্রথাগতভাবে বছরের কোন দিন জাতিসংঘ সাধারণ পরিষদের বার্ষিক অধিবেশন শুরু হয়**?**
A. সেপ্টেম্বর মাসের প্রথম সোমবার
B. অক্টোবর মাসের প্রথম মঙ্গলবার
C. আগস্ট মাসের শেষ সোমবার
D. অক্টোবর মাসের প্রথম সোমবার  প্রশ্নটি বাতিল করা হয়েছে

**Answer**: অক্টোবর মাসের প্রথম সোমবার  প্রশ্নটি বাতিল করা হয়েছে

**Explanation**: জাতিসংঘের মূল কার্যক্রম পরিচালনা করে সাধারণ পরিষদ। এর অপর নাম আলোচনা পরিষদ/নির্বাহী পরিষদ। জাতিসংঘ সনদের ২০নং অনুচ্ছেদ অনুসারে প্রতিবছর সেপ্টেম্বর মাসের তৃতীয় মঙ্গলবার প্রথাগতভাবে জাতিসংঘের সাধারণ পরিষদের বার্ষিক অধিবেশন শুরু হয়।

**Question 166:** বিগত কপ**-**২৬ কোন শহরে অনুষ্ঠিত হয়**?**
A. জেনেভা
B. প্যারিস
C. ব্রাসেলস
D. গ্লাসগো

**Answer**: গ্লাসগো

**Explanation**: ৩১ অক্টোবর থেকে ১৩ নভেম্বর, ২০২১ যুক্তরাজ্যের স্কটল্যান্ডের গ্লাসগো শহরে কপ-২৬ সম্মেলন অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, ২০২২ সালে কপ-২৭ অনুষ্ঠিত হয় শারম আল শেখ, মিশরে এবং ২০২৩ সালে কপ-২৮ অনুষ্ঠিত হবে সংযুক্ত আরব আমিরাতে।

**Question 167:** বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্পাদিত গঙ্গার পানি বন্টন চুক্তি কখন শেষ হবে**?**
A. ২০৪০
B. ২০৩০
C. ২০২৪
D. ২০২৬

**Answer**: ২০২৬

**Explanation**: ১৯৯৬ সালের ১২ ডিসেম্বর বাংলাদেশ ও ভারতের মধ্যে ৩০ বছর মেয়াদি গঙ্গার পানি বণ্টন চুক্তি স্বাক্ষরিত হয়। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী দেবগৌড়া এই চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তি অনুযায়ী বাংলাদেশের পানি পাওয়ার কথা ৩৫ হাজার কিউসেক কিন্তু ভারত দেয় ৯ হাজার কিউসেক। চুক্তিটি ২০২৬ সালে শেষ হবে।

**Question 168:** কোন দেশকে ইউরোপের রুটির ঝুড়ি বলা হয়**?**
A. জার্মানি
B. ইতালি
C. পোল্যান্ড
D. ইউক্রেন

**Answer**: ইউক্রেন

**Explanation**: পূর্ব ইউরোপের দেশ এবং ইউরোপের ২য় বৃহত্তম দেশ ইউক্রেন। এর রাজধানী কিয়েভ। বর্তমান প্রেসিডেন্ট ভ্লাদিমির জেলেনস্কি। ইউরোপের বৃহত্তম খাদ্যশস্যের যোগানদাতা হওয়ায় ইউক্রেনকে ইউরোপের রুটির ঝুড়ি বলা হয়।

**Question 169:** গণতন্ত্রের ধারণা উৎসারিত হয় প্রথম কোন দেশে**?**
A. যুক্তরাষ্ট্র
B. প্রাচীন ভারত
C. প্রাচীন রোম
D. প্রাচীন গ্রীস

**Answer**: প্রাচীন গ্রীস

**Explanation**: ভূমধ্যসাগরকে কেন্দ্র করে ১৩০০-১২০০ খ্রিস্টপূর্বে গ্রিক সভ্যতা গড়ে উঠে। প্রাচীন গ্রিসে প্রথম গণতন্ত্রের ধারণা পাওয়া যায় এথেন্সে। এথেন্স শহরে চূড়ান্ত গণতন্ত্র প্রতিষ্ঠা করেন যুবরাজ পেরিক্লিস।

**Question 170:** কখন এবং কোথায় **International Union for Conservation of Nature (IUCN)** প্রতিষ্ঠিত হয়**?**
A. ১৯৫২, লন্ডন
B. ১৯৪৯, সুইজারল্যান্ড
C. ১৯৬১, রোম
D. ১৯৪৮, ফ্রান্স

**Answer**: ১৯৪৮, ফ্রান্স

**Explanation**: IUCN প্রকৃতি ও প্রাকৃতিক সম্পদ সংরক্ষণে বিশ্বব্যাপী কাজ করে। ১৯৪৭ সালে আবহাওয়া কনভেনশনের প্রেক্ষাপটে ফ্রান্সে ১৯৪৮ সালে IUCN গঠিত হয়। এর সদর দপ্তর গ্লান্ড, সুইজারল্যান্ড।

**Question 171:** কোন দুটি আরব রাষ্ট্র ক্যাম্প ডেভিড **(Camp David)** চুক্তি স্বাক্ষরের ফলশ্রুতিতে ইসরাইলের সঙ্গে পূর্ণ কূটনৈতিক সম্পর্ক স্থাপন করে**?**
A. তিউনিশিয়া ও আলজেরিয়া
B. কুয়েত ও বাহরাইন
C. লিবিয়া ও ওমান
D. জর্ডান ও মিশর

**Answer**: জর্ডান ও মিশর

**Explanation**: ১৯৭৮ সালের ১৭ সেপ্টেম্বর যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ডে মিশরের প্রেসিডেন্ট আনোয়ার সাদাত এবং ইসরায়েলের প্রধানমন্ত্রী মেনাখেম বেগিন এর মধ্যে ক্যাম্প ডেভিড চুক্তি স্বাক্ষরিত হয়। এ চুক্তি অনুসারে ইসরায়েল মিশরকে অধিকৃত সিনাই উপত্যকা ফিরিয়ে দিবে এবং মিশর ইসরায়েলকে স্বীকৃতি প্রদান করবে। এই চুক্তির ফলে জর্দান ও ইসরায়েলের সাথে কূটনৈতিক সম্পর্ক স্থাপন করে। ফলাফল আরব লীগ এবং ওআইসি থেকে মিশরকে বহিষ্কার করা হয়।

**Question 172:** মহান মুক্তিযুদ্ধ চলাকালীন 'কনসার্ট ফর বাংলাদেশ' **(Concert for Bangladesh)** কোথায় অনুষ্ঠিত হয়েছিল**?**
A. ক্যানবেরা
B. বোস্টন
C. লন্ডন
D. নিউইয়র্ক

**Answer**: নিউইয়র্ক

**Explanation**: ১৯৭১ সালের ১ আগস্ট নিউইয়র্ক সিটির ম্যাডিসন স্কয়ার গার্ডেনে বাংলাদেশের শরণার্থীদের জন্য ত্রাণ তহবিল সংগ্রহ এবং সচেতনতার উদ্দেশ্যে ভারতীয় সেতারবাদক পণ্ডিত রবিশঙ্কর এবং তার বন্ধু বিটলস ব্যান্ড দলের লিড গিটারবাদক জর্জ হ্যারিসন 'কনসার্ট ফর বাংলাদেশ' এর আয়োজন করেন। এতে প্রায় ৪০ হাজার দর্শক উপস্থিত ছিল। এ কনসার্ট হতে প্রায় আড়াই লাখ ডলার তহবিল সংগ্রহ হয়। উক্ত কনসার্টে সঙ্গীত পরিবেশন করেন বব ডিলান, এরিক ক্ল্যাপটন, জর্জ হ্যারিসন, বিলি প্রিস্টন, লিয়ন রাসেল, ব্যাড ফিঙ্গার এবং রিঙ্গো রকস্টার প্রমুখ।

**Question 173:** জাতিসংঘের নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য পদ কত সময়ের জন্য**?**

A. ১ বছর
B. ৫ বছর
C. ৪ বছর
D. ২ বছর

**Answer**: ২ বছর

**Explanation**: ১৯৪৬ সালের ১০ জানুয়ারি লন্ডনে নিরাপত্তা পরিষদের কার্যক্রম শুরু হয়। এর বর্তমান সদস্য সংখ্যা ১৫টি। ৫টি স্থায়ী এবং ১০টি অস্থায়ী সদস্য নিয়ে নিরাপত্তা পরিষদ গঠিত। অস্থায়ী সদস্যগণ ২ বছরের জন্য মনোনীত হয়। অস্থায়ী সদস্যদের মধ্যে প্রতিবছর ৫জন সদস্য নির্বাচিত হয় এবং ৫জন সদস্যের মেয়াদ শেষ হয়।

**Question 174:** আন্তর্জাতিক আদালতের একজন বিচারক কয় বছরের জন্য নির্বাচিত হন**?**
A. তিন বছর
B. সাত বছর
C. চার বছর
D. নয় বছর

**Answer**: নয় বছর

**Explanation**: ১৯৪৫ সালের ২৬ জুন International Court of Justice গঠিত হয়। এটি জাতিসংঘের অন্যতম অঙ্গসংস্থা। এর সদর দপ্তর নেদারল্যান্ডের হেগ শহরে। ICJ এর বিচারক সংখ্যা ১৫ জন। বিচারকদের মেয়াদকাল ৯ বছর। এর সভাপতির মেয়াদ ৩ বছর। এর বর্তমান সভাপতি জোয়ান ডনোগুহ (যুক্তরাষ্ট্র)।

**Question 175:** ইসলাম ও সুফিমতের প্রভাবে ভারতবর্ষে ঘটেছিল**-**
A. বর্ণবাদের পুনরুত্থান
B. রাষ্ট্রবিপ্লব
C. অভিবাসন বিপ্লব
D. চিন্তাবিপ্লব

**Answer**: চিন্তাবিপ্লব

**Explanation**: এগার শতাব্দীতে ভারতীয় উপমহাদেশে ইসলামের আবির্ভাবের ফলে এ উপমহাদেশে মানুষের মধ্যে চিন্তাশক্তির ব্যাপক পরিবর্তন ঘটে। বিশেষ করে সুফি-মাশায়েখগণের ইসলাম প্রচারের ফলে নিম্নবর্গের হিন্দুসহ অন্যান্য ধর্মের মানুষের মধ্যে চিন্তশক্তির বিপ্লব ঘটে।

**Question 176:** ২০২২ সালে কোন দেশ জাতিসংঘের শান্তিস্থাপন কমিশনের সভাপতি নির্বাচিত হয়**?**

A. যুক্তরাষ্ট্র
B. সুইজারল্যান্ড
C. ভারত
D. বাংলাদেশ

**Answer**: বাংলাদেশ

**Explanation**: ১ ফেব্রুয়ারি ২০২২ জাতিসংঘ শান্তি বিনির্মাণ বা Peacebuilding Commission (PBC)-এর সভাপতি নির্বাচিত হয় বাংলাদেশ। জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা এ দায়িত্ব পালন করবেন। এর মধ্য দিয়ে জাতিসংঘ PBC'র প্রথম নারী সভাপতি হলেন রাবাব ফাতিমা। ২০ ডিসেম্বর ২০০৫ জাতিসংঘ সাধারণ পরিষদ ও নিরাপত্তা পরিষদের যৌথ রেজ্যুলেশনের মাধ্যমে ৩১ সদস্য বিশিষ্ট কমিটি নিয়ে PBC গঠিত হয়। এছাড়া শান্তিরক্ষী প্রেরণকারী প্রথম পাঁচটি দেশ ও সর্বোচ্চ আর্থিক সাহায্যকারী পাঁচটি দেশের মোট ১০ জনও এ কমিশনের সদস্য। উল্লেখ্য, বর্তমানে সবচেয়ে বেশি শান্তিরক্ষী বাহিনী পাঠিয়ে থাকে বাংলাদেশ।

**Question 177**: কোন ধরনের শিলায় জীবাশ্ম থাকার সম্ভাবনা রয়েছে?
A. আগ্নেয় শিলা
B. রূপান্তরিত শিলা
C. উপরের কোনটিই নয়
D. পাললিক শিলা

**Answer**: পাললিক শিলা

**Explanation**: পলি সঞ্চিত হয়ে যে শিলা গঠিত হয়েছে তাকে পাললিক শিলা বলে। পাললিক শিলার বৈশিষ্ট্য: (১) এটি একটি স্তরীকৃত শিলা। (২) নরম ও হালকা। (৩) সহজেই ক্ষয়প্রাপ্ত। (৪) একমাত্র এই শিলার মধ্যে জীবাশ্ম দেখা যায়। (৫) ছিদ্র দেখা যায়। উদাহরণ: বেলে পাথর, কয়লা, শেল, চুনাপাথর, কাঁদা পাথর, কেওলিন, ডলোমাইট প্রভৃতি।

**Question 178**: নিচের কোন দুর্যোগের কার্যকর পূর্বাভাস দেওয়া সম্ভব নয়?
A. বন্যা
B. খরা
C. ঘূর্ণিঝড়
D. ভূমিকম্প

**Answer**: ভূমিকম্প

**Explanation**: প্রায় এক ডজন ছোট-বড় প্লেট টেকটোনিক দ্বারা আমাদের এই ভূ-ত্বক গঠিত। এই টেকটোনিক প্লেটগুলোর আপেক্ষিক স্থান পরিবর্তনের সময় এদের সীমান্ত অঞ্চলে প্রবল পীড়নের সৃষ্টি হয়। উক্ত পীড়ন যখন

বড়সড় চ্যুতির সৃষ্টি করে এবং এর অন্তর্নিহিত শক্তি বের করে দেয়ার চেষ্টা করে ঠিক তখনই আমাদের এই ভূ-পৃষ্ঠ কেঁপে ওঠে। ভাসমান অবস্থায় থাকে বলে এই প্লেটগুলো অনবরত একে অপরের সাথে ঘর্ষণ খেতে থাকে, কখনো একটি প্লেট অপরটির উপরে উঠে যায়, কখনো বা নিচে চলে যায়, কখনো আবার একে অপর থেকে দূরে সরে চলে যায়। অর্থাৎ কখন ঠিক কী ঘটবে এবং সঞ্চিত পীড়নের পরিমাণ কেমন হবে আগে থেকে নিশ্চিতভাবে এর কিছুই বলা যায় না। ফলে ভিন্ন ভিন্ন সম্ভাব্যতার কারণে ভূমিকম্পের কার্যকরী পূর্বাভাস দেয়া সম্ভব নয়।

**Question 179:** দুর্যোগ ব্যবস্থাপনা চক্রের কোন স্তরটি বেশি ব্যয়বহুল**?**

A. পূর্বপ্রস্তুতি
B. সাড়াদান
C. পুনরুদ্ধার
D. প্রশমন

**Answer**: প্রশমন

**Explanation**: দুর্যোগের দীর্ঘস্থায়ী হ্রাস এবং দুর্যোগ পূর্বপ্রস্তুতিকেই দুর্যোগ প্রশমন বলে। মজবুত পাকা ভবন নির্মাণ, শস্য বহুমুখীকরণ, ভূমি ব্যবহারে বিপর্যয় হ্রাসের কৌশল নির্ধারণ, অর্থনৈতিক উন্নয়ন, শক্ত অবকাঠামো নির্মাণ, কম ঝুঁকিপূর্ণ এলাকায় লোক স্থানান্তর; প্রাতিষ্ঠানিক কাঠামো গঠন ইত্যাদি কার্যক্রম দুর্যোগ প্রশমনের আওতাভুক্ত। দীর্ঘস্থায়ী দুর্যোগ প্রশমন ব্যয়বহুল হলেও সরকার সীমিত সম্পদের মধ্যে বিভিন্ন স্থানে বেড়িবাঁধ নির্মাণ, নদী খনন, আশ্রয়কেন্দ্র নির্মাণ, বনায়ন ইত্যাদি কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

**Question 180:** কোনটি নবায়নযোগ্য সম্পদ**?**

A. প্রাকৃতিক গ্যাস
B. চুনাপাথর
C. কয়লা
D. বায়ু

**Answer**: বায়ু

**Explanation**: যেসব প্রাকৃতিক সম্পদ পুনরায় ব্যবহারযোগ্য সেগুলোকে নবায়নযোগ্য সম্পদ বলে। যেমন: বায়ু, সূর্যালোক, নদীস্রোত, সমুদ্রস্রোত ইত্যাদি।

**Question 181:** নিচের কোনটি বাংলাদেশের বৃহত্তম গ্যাসক্ষেত্র**?**

A. বাখরাবাদ
B. হরিপুর
C. হবিগঞ্জ
D. তিতাস

Media

**Answer**: তিতাস

**Explanation**: গ্যাসের মজুদের ভিত্তিতে বাংলাদেশের সবচেয়ে বড় প্রাকৃতিক গ্যাসক্ষেত্র তিতাস। অর্থনৈতিক সমীক্ষা ২০২২ অনুসারে এটির উৎপাদনরত কূপসংখ্যা ২২টি। উল্লেখ্য, ঢাকা শহরে গ্যাস সরবরাহ করা হয় এখান থেকে।

**Question 182:** বাংলাদেশে জি-কে প্রকল্প একটি-

A. জলবিদ্যুৎ প্রকল্প
B. নদী নিয়ন্ত্রণ প্রকল্প
C. জল পরিবহন প্রকল্প
D. সেচ প্রকল্প

**Answer**: সেচ প্রকল্প

**Explanation**: গঙ্গা-কপোতাক্ষ (G-K) সেচ প্রকল্প বাংলাদেশের অন্যতম বৃহৎ ও পুরাতন সেচ প্রকল্প। ৪টি জেলা (কুষ্টিয়া, মাগুরা, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ) এর ১৩টি উপজেলা জুড়ে এই প্রকল্পের কাজ শুরু হয় ১৯৫৪-৫৫ সালে। সর্বশেষ সংস্কার কাজটি ১৯৯৩ সালে শেষ হয়।

**Question 183: COP 26-এ COP মানে কী?**

A. কনফারেন্স অব প্যারিস
B. কনফারেন্স অব দ্য পাওয়ার
C. কনফারেন্স অব দ্য প্রটোকল
D. কনফারেন্স অব দ্য পার্টিস

**Answer**: কনফারেন্স অব দ্য পার্টিস

**Explanation**: জাতিসংঘের বার্ষিক জলবায়ু সম্মেলনের নাম কনফারেন্স অব দ্যা পার্টিস বা COP। ১৯৯৫ সালে প্রথম কপ সম্মেলন অনুষ্ঠিত হয় বার্লিনে। সেই থেকে UNFCCC প্রতিবছর কপ আয়োজন করে থাকে।

**Question 184:** বাংলাদেশের ব্লু-ইকোনমির চ্যালেঞ্জ নয় কোনটি?

A. উপরের কোনটিই নয়
B. সমুদ্র দূষণ
C. ত্রুটিপূর্ণ সমুদ্র শাসন
D. ঘন ঘন বন্যা

**Answer**: ঘন ঘন বন্যা

Medha

**Explanation**: ব্লু ইকোনমি বলতে মূলত সমুদ্র অর্থনীতিকে বোঝায়। ঘন ঘন বন্যা হওয়া অভ্যন্তরীণ নদী ব্যবস্থাপনার সমস্যা।

**Question 185:** ডাউকি ফল্ট বরাবর একটি প্রচণ্ড ভূমিকম্পের পর বাংলাদেশের কোন নদী তার গতিপথ পরিবর্তন করে**?**
A. মেঘনা নদী
B. পদ্মা নদী
C. কর্ণফুলি নদী
D. ব্রহ্মপুত্র নদী

**Answer**: ব্রহ্মপুত্র নদী

**Explanation**: ব্রহ্মপুত্র নদের উৎপত্তিস্থল হিমালয়ের কৈলাস শৃঙ্গের মানস সরোবর। এরপর তিব্বত ও আসামের ভিতর দিয়ে প্রবাহিত হয়ে কুড়িগ্রামের মধ্য দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে এবং ১৭৮৭ সালে ডাউকি ফল্ট বরাবর একটি প্রচণ্ড ভূমিকম্পের পর ব্রহ্মপুত্র নদের গতিপথ পরিবর্তন হয়ে যমুনা নামে নতুন একটি নদীর সৃষ্টি হয় যেটি গোয়ালন্দে এসে পদ্মা নদীর সাথে মিলিত হয়েছে।

**Question 186:** বাংলাদেশের প্রথম কয়লানির্ভর বিদ্যুৎ কেন্দ্র কোথায় অবস্থিত**?**
A. কাপ্তাই, রাঙ্গামাটি
B. সাভার, ঢাকা
C. সীতাকুণ্ড, চট্টগ্রাম
D. বড়পুকুরিয়া, দিনাজপুর

**Answer**: বড়পুকুরিয়া, দিনাজপুর

**Explanation**: বাংলাদেশের প্রথম কয়লাভিত্তিক বিদ্যুকেন্দ্র দিনাজপুর জেলাধীন পার্বতীপুর উপজেলার অন্তর্গত বড়পুকুরিয়া তাপবিদ্যুৎ কেন্দ্র। ২০০৬ সালে এটি উৎপাদনে আসে। বর্তমানে এর উৎপাদন সক্ষমতা ৫২৫ মেগাওয়াট।

**Question 187:** জাতীয় শুদ্ধাচার কৌশল অনুসারে 'শুদ্ধাচার' হচ্ছে**-**
A. শুদ্ধভাবে কার্যসম্পাদনের কৌশল
B. সরকারী কর্মকর্তাদের আচরণের মানদণ্ড
C. দৈনন্দিন কার্যক্রমে অনুসৃতব্য মানদণ্ড
D. সততা ও নৈতিকতা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ

**Answer**: সততা ও নৈতিকতা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ

Medha

**Explanation**: জাতীয় শুদ্ধাচার কৌশল হলো দুর্নীতি ঠেকাতে নাগরিক জীবনের প্রতিটি ক্ষেত্রে স্বচ্ছতা, জবাবদিহিতা এবং সততা নিশ্চিতকরণে সরকার প্রণীত একটি সুশাসন কৌশল। জাতীয় শুদ্ধাচার কৌশলের মাধ্যমে সরকার নিম্নোক্ত পরিবর্তন সাধন করতে চাইছে- ১। পরিচ্ছন্ন ও যৌক্তিক বিতর্ক নির্ভর আইন প্রণয়ণের স্থান হিসেবে সংসদকে প্রতিষ্ঠিত করা। ২। স্থানীয় প্রশাসনের জনমুখতা, দায়বদ্ধতা, স্বচ্ছতা ও স্বাধীনতা নিশ্চিত করা। ৩। সরকারি প্রতিষ্ঠানে জনগণের প্রতি স্বচ্ছ ও দায়বদ্ধ আচরণ নিশ্চিত করতে স্বাধীন আলোচক, নির্দলীয় আচরণের ধারক ও বাহক এবং জাতীয় শুদ্ধাচারের পক্ষে সচেতন প্রচারক হিসেবে নাগরিক সমাজের ভূমিকা বজায় রাখা।

**Question 188:** বাংলাদেশে দুর্নীতিকে দণ্ডনীয় ঘোষণা করা হয়েছে যে বিধানে-
A. ১৮৬০ সালে প্রণীত দণ্ডবিধিতে
B. ২০০৪ সালে প্রণীত দুর্নীতি দমন কমিশন আইনে
C. ২০১৮ সালে প্রণীত সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালাতে
D. উপরের সবগুলোতে

**Answer**: উপরের সবগুলোতে

**Explanation**: দণ্ডবিধি ১৮৬০ আইনটি বাংলাদেশে ফৌজদারি সংক্রান্ত আইন। অপরদিকে, দুর্নীতিমূলক কার্য প্রতিরোধের লক্ষ্যে এবং অন্যান্য সুনির্দিষ্ট অপরাধের অনুসন্ধান ও পরিচালনার জন্য স্বাধীন দুর্নীতি দমন কমিশন প্রতিষ্ঠাকরণ এবং এর আইন মোতাবেক দুর্নীতিকে সর্বস্তরে নিষিদ্ধ ও দণ্ডনীয় অপরাধ হিসেবে গণ্য করা হয়েছে। ২০১৮ সালে প্রণীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালাতে অসদাচরণ, দুর্নীতি ও নাশকতামূলক কর্মকাণ্ডে 'গুরুদণ্ড' ও 'লঘুদণ্ড' নামক দুই ধরনের দণ্ড আরোপের বিধান রয়েছে। উক্ত তিনটি বিধিমালাই দুর্নীতিকে সর্বস্তরে প্রতিরোধকল্পে গঠিত।

**Question 189:** অর্থনৈতিক ক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠিত হলে-
A. যোগাযোগ বৃদ্ধি পায়
B. দুর্নীতি দূর হয়
C. প্রতিষ্ঠানের সুনাম হয়
D. বিনিয়োগ বৃদ্ধি পায়

**Answer**: বিনিয়োগ বৃদ্ধি পায়

**Explanation**: কোন দেশে অর্থনৈতিক ক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠিত হলে বিদেশী বিনিয়োগকারী উক্ত দেশে বিনিয়োগ করতে উৎসাহিত হয়। ফলশ্রুতিতে অভ্যন্তরীণ ও বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধি পায় এবং দেশের উন্নয়ন ত্বরান্বিত হয়।

**Question 190:** জাতিসংঘের দুর্নীতিবিরোধী কনভেনশনের নাম-
A. UNCLOS

Medha

B. UNCTAD
C. CEDAW
D. UNCAC

**Answer**: UNCAC

**Explanation**: United Nations Convention against Corruption বা দুর্নীতির বিরুদ্ধে জাতিসংঘের সম্মেলন (UNCAC) হল একমাত্র আইনত বাধ্যতামূলক আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী বহুপাক্ষিক চুক্তি। জাতিসংঘ সাধারণ পরিষদ ২০০৩ সালের অক্টোবরে এবং ২০০৫ সালের ডিসেম্বরে কার্যকর হয়। চুক্তিটি প্রতিরোধমূলক ও শাস্তিমূলক ব্যবস্থার গুরুত্বকে স্বীকৃতি দেয়। ইউএনসিএসি (UNCAC) এর লক্ষ্য হল বিভিন্ন ধরনের দুর্নীতি হ্রাস করা যা দেশের সীমানা জুড়ে ঘটতে পারে। যেমন: বাণিজ্য ও trading ক্ষমতার অপব্যবহার। পাশাপাশি ব্যক্তিগত খাতে দুর্নীতি যেমন: আত্মসাৎ এবং অর্থপাচার করা।

**Question 191:** গণতান্ত্রিক মূল্যবোধের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান-
A. নেতৃত্বের প্রতি আনুগত্য
B. স্বচ্ছ নির্বাচন কমিশন
C. শক্তিশালী রাজনৈতিক দল
D. পরমতসহিষ্ণুতা

**Answer**: পরমতসহিষ্ণুতা

**Explanation**: গণতান্ত্রিক রাষ্ট্রে যেসব চিন্তাভাবনা, লক্ষ্য ও উদ্দেশ্য মানুষের গণতান্ত্রিক আচার ও কর্মকাণ্ড নিয়ন্ত্রণ করে তাকে গণতান্ত্রিক মূল্যবোধ বলে। গণতান্ত্রিক মূল্যবোধের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান হলো পরমতসহিষ্ণুতা। এছাড়াও অন্যান্য গণতান্ত্রিক মূল্যবোধের উপাদান হলো স্বচ্ছতা, আইনের শাসন, ন্যায়পরায়ণতা, সচেতনতাবোধ ও দায়বদ্ধতা।

**Question 192:** সরকারি সিদ্ধান্তের ক্ষেত্রে 'স্বার্থের সংঘাত' **(conflict of interest)-** এর উদ্ভব হয় যখন গৃহীতব্য সিদ্ধান্তের সঙ্গে**-**
A. উর্ধ্বতন কর্তৃপক্ষের স্বার্থ জড়িত থাকে
B. প্রভাবশালী ব্যক্তি বা ব্যক্তিবর্গের স্বার্থ জড়িত থাকে
C. সরকারি স্বার্থ জড়িত থাকে
D. সিদ্ধান্ত গ্রহণকারী কর্মকর্তার নিজের বা পরিবারের সদস্যদের স্বার্থ জড়িত থাকে

**Answer**: সিদ্ধান্ত গ্রহণকারী কর্মকর্তার নিজের বা পরিবারের সদস্যদের স্বার্থ জড়িত থাকে

**Explanation**: 'স্বার্থের সংঘাত' (Conflict of interest) একটি পরিস্থিতি যেখানে দুটি ভিন্ন পক্ষের উদ্বেগ বা লক্ষ্য ভিন্ন। নির্বাচিত কর্মকর্তা বা কর্পোরেট লবিস্টদের মধ্যে স্বার্থের দ্বন্দ্ব এমন একটি পরিস্থিতি যেখানে একজন ব্যক্তি তাদের অফিসিয়াল ক্ষমতায় গৃহীত কর্ম বা সিদ্ধান্ত থেকে ব্যক্তিগত সুবিধা অর্জনের অবস্থানে থাকে। এ

ব্যাখ্যা থেকে বোঝা যায় সঠিক উত্তর "সিদ্ধান্ত গ্রহণকারী কর্মকর্তার নিজের বা পরিবারের সদস্যদের স্বার্থ জড়িত থাকে।"

**Question 193:** রাষ্ট্র ও সমাজে দুর্নীতিপ্রবণতার জন্য সবচেয়ে বেশি দায়ী-

A. আইনের প্রয়োগের অভাব

B. অসৎ নেতৃত্ব

C. দুর্বল পরিবীক্ষণ ব্যবস্থা

D. নৈতিকতা ও মূল্যবোধের অভাব

**Answer**: নৈতিকতা ও মূল্যবোধের অভাব

**Explanation**: নৈতিকতা ও মূল্যবোধ পরস্পর সম্পর্কিত বিষয়। মূল্যবোধের শিক্ষা মানুষের মধ্যে নৈতিক ও ঔচিত্যবোধের বিকাশ ঘটায়। যার ফলে রাষ্ট্র ও সমাজের মঙ্গলের চেষ্টা করে। যা রাষ্ট্র ও সমাজে দুর্নীতিপ্রবণতা হ্রাস করে।

**Question 194:** প্রাথমিকভাবে একজন মানুষের মানবীয় গুণাবলি ও সামাজিক মূল্যবোধের বিকাশ ঘটে-

A. সমাজে বসবাসের মাধ্যমে

B. বিদ্যালয়ে

C. রাষ্ট্রের মাধ্যমে

D. পরিবারে

**Answer**: পরিবারে

**Explanation**: পরিবার বলতে মানুষের সেই সংগঠনকে বোঝায় যেখানে বৈবাহিক সম্পর্কের ভিত্তিতে এক বা একাধিক পুরুষ ও মহিলা তাদের সন্তানাদি, পিতা-মাতা ও অন্যান্য পরিজনদের নিয়ে একত্রে বসবাস করে। সমাজে আমাদেরকে কিভাবে চলাফেরা করতে হবে তার শিষ্টাচারসহ চারিত্রিক বিকাশে অর্থাৎ মূল্যবোধ বিকাশের আঁতুরঘর হিসেবে কাজ করে পরিবার।

**Question 195:** 'সততার জন্য সদিচ্ছা'র কথা বলেছেন-

A. ডেকার্ট

B. ডেভিড হিউম

C. জন লক

D. ইমানুয়েল কান্ট

**Answer**: ইমানুয়েল কান্ট

**Explanation**: জার্মান দার্শনিক ইমানুয়েল কান্ট সততার জন্য সদিচ্ছার কথা বলেছেন। তার মতে, একমাত্র

Medha

সদিচ্ছাই নিরপেক্ষ। কর্তব্যের পাশাপাশি ইচ্ছা থাকলেই তাকে সদিচ্ছা বলে। অর্থাৎ নৈতিক বাধ্যবাধকতা থেকে সদিচ্ছার সৃষ্টি হয়।

**Question 196:** যে গুণের মাধ্যমে মানুষ **'ভুল'** ও **'শুদ্ধ'-**এর পার্থক্য নির্ধারণ করতে পারে**,** তা হচ্ছে**-**

A. সততা
B. সদাচার
C. কর্তব্যবোধ
D. মূল্যবোধ

**Answer**: মূল্যবোধ

**Explanation**: মূল্যবোধ হলো মানুষের এমন এক বিশ্বাসবোধ ও মানদণ্ড যার মাধ্যমে মানুষ ‘ভুল’ ও ‘শুদ্ধ’ এর পার্থক্য নির্ধারণ করতে পারে। মূল্যবোধ মানুষের আচরণের পরিচালনাকারী নীতি।

Medha